বাংলা-গ্রন্থ বর্গীকরণ

প্রভাতকুমার মুখোপাধ্যায়

বাংলা-গ্রন্থ বর্গীকরণ

[দশমিক প্রথায় বাংলা গ্রন্থের বর্গীকরণ পদ্ধতি]

প্রভাতকুমার মুখোপাধ্যায়

ওরিয়েণ্ট বুক কোম্পানি
কলিকাতা-১২

উৎসর্গ

শ্রীবি. এস. কেশবন

বন্ধুবরেষু

তুমি রবীন্দ্রনাথের সেই মানুষ যে বলতে পারে—

'সবার আমি সমান-বয়সী যে'—তাই 'চুলে আমার যতই ধরুক পাক' তুমি তাকে বৃদ্ধ ব'লে অবজ্ঞা করোনি।

শান্তিনিকেতন-বোলপুর
২৭ মে, ১৯৫৯

প্র. মুখ

ভূমিকা

বাংলাভাষায় লেখা বই ও পত্রিকার সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। পশ্চিমবঙ্গে ও পূর্ববঙ্গে (পূর্বপাকিস্তান) বাংলা ভাষাকে রাজ্যের সরকারী দপ্তরের ভাষা, শিক্ষাবিভাগের ভাষা ও বিশ্ববিদ্যালয়ের ভাষা করবার প্রচেষ্টা দেখা দিয়েছে। বাঙালির দুটো দেশেই জনসংখ্যা বাড়তির মুখে ; সার্বজনিক শিক্ষা ও উচ্চশিক্ষারও প্রসার লাভ করছে। এর ফলে বাংলাভাষায় লেখা বই পত্রিকার চাহিদাও যেমন বাড়ছে, সরবরাহও তেমনই বেড়ে চলেছে। আর এই দেশব্যাপী চাহিদা ও আন্দোলনের ফলে সত্যই যদি বাংলাভাষার মাধ্যমে একদিন সরকারের ও শিক্ষাবিভাগের সকল শ্রেণীর কাজ চালু হয়, তবে গ্রন্থের সরবরাহ আরও বৃদ্ধি পাবে।

বই জমা হয় গ্রন্থাগারে বা লাইব্রেরীতে, পাঠকদের পড়বার জন্য। গ্রন্থাগারিকের আসল কাজ হচ্ছে পাঠকদের সাহায্য করা, বইগুলিকে সাজিয়ে গুছিয়ে রাখা— যাতে সহজে একই ধরনের বইগুলি পাঠকরা একই জায়গায় দেখতে পান। এই গুছিয়ে রাখাকেই বলে বর্গীকরণ। তবে শুধু আজকের সংগ্রহকেই বর্গীত করলে চলবে না ; কারণ, দেখা যাচ্ছে প্রায় রোজই নূতন নূতন বিষয়ের উপর লেখা বই গ্রন্থাগারে আসছে এবং ভবিষ্যতে আরও আসবে। সুতরাং বর্গীকরণের মধ্যে এমন ব্যবস্থা থাকা দরকার, যাতে-করে এইসব নূতন বই-এর স্থান সহজেই ক'রে দেওয়া যায়।

পাশ্চাত্য দেশে গত একশ' বছরের মধ্যে অনেক ধরণের বর্গীকরণ পদ্ধতি চালু হয়েছে। সকল দেশেই কোনো-না-কোনো পদ্ধতিকে মেনে নিয়েছে। তবে দেখা যাচ্ছে বেশির ভাগ দেশেই মেলভিল ডিউই-কৃত দশমিক বর্গীকরণ পদ্ধতিরই চল অধিক। আমাদের পক্ষে পূর্ব সুরিগণের পথই অনুসরণ করা শ্রেয়—তবে অনুকরণ করা কোনো কাজের কথা নয়।

এখানে একটা কথা গোড়াতেই বলা ভাল—আমি 'কট্টর' বা গোঁড়া ডিউই-পন্থী নই ; সেজন্য আমার গ্রন্থাগারিক বন্ধুরা আমার বর্গীকরণ পদ্ধতি শ্রদ্ধার সঙ্গে স্বীকার করতে নারাজ। তাঁদের অভিযোগ দুটো : প্রথমত আমি বাংলায় ৩-সংখ্যক নোটেশনের বদলে ২-সংখ্যক নোটেশন ব্যবহার করেছি। দ্বিতীয়ত—আমি বর্গতালিকের (শিডিউল) সংকেত-সংখ্যার অদল-বদল করেছি।

অভিযোগের জবাব দেবার আগে দুই একটা কথা বলা প্রয়োজন। ডিউই-র দশমিক বর্গীকরণ (Decimal classification) পদ্ধতির সঙ্গে আমার পরিচয় ঘটে ১৯১২ সালে। শান্তিনিকেতনে ব্রহ্মচর্যাশ্রমের গ্রন্থাগারে এর প্রথম পরীক্ষা সুরু করি। তারপর ১৯১৭ সালে কলকাতার একটা বড় কলেজে আমারই চেষ্টায় এই দশমিক প্রথা চালু হয়। সেই সময়ে জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে 'বিচিত্রা' ক্লাব খোলা হয়, সেখানকার লাইব্রেরীতেও এই পদ্ধতি অনুসরণ করি। এর পর ১৯১৮ থেকে ১৯৫৪ পর্যন্ত একাদিক্রমে ৩৬ বৎসর বিশ্বভারতীর গ্রন্থাগারের অধ্যক্ষতা করবার দুর্লভ সৌভাগ্য লাভ করেছিলাম। সেই সময়ের মধ্যে প্রায় ৭০ হাজার বই প্রায় নিজের হাতে আমাকে সাজাতে গুছাতে হয়। বিশ্বভারতীর প্রসারের সঙ্গে সঙ্গে, বাংলা ছাড়া ভারতীয় প্রায় সকল ভাষারই বই এসে জমতে থাকে। সমস্যা হলো এইসব বই-এর সুষ্ঠু বর্গীকরণ। ডিউই-র পদ্ধতিতে ভারতীয় ও প্রাচ্য বিষয়গুলির স্থান অত্যন্ত সংকীর্ণ ব'লে পদে পদে অসুবিধা বোধ করলাম। আমি জানি সেসব অসুবিধা অনেক গ্রন্থাগারিককেই অসহায়-ভাবে সহ্য করতে হয় এবং তাঁদের মধ্যে অনেককেই কর্তৃপক্ষের আদেশে যে-কোন-রকমের একটা পদ্ধতি উদ্‌ভাবন করে বইগুলিকে সাজিয়ে রাখতে হয়।

এই অসুবিধা দূর করবার জন্য আমি সাধারণ গ্রন্থাগারের বর্গতালিকায় প্রথম পরিবর্তন আনি ; সেখানে দর্শন, ধর্ম, ভাষা, শিল্পকলা, ইতিহাসের মধ্যে 'ভারতীয়তা' আনি অর্থাৎ ভারতীয় বিষয়ের যথাযোগ্য স্থান করে দিই। স্মারকসংখ্যা যাতে খুব উলোট-পালোট না হয়, সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রেখেছি বরাবর।

তারপর দৃষ্টি দিই ভারতীয় ভাষার প্রতি। ভারতীয় ভাষায় লেখা বইগুলিকে প্রথমেই আমি সাধারণ লাইব্রেরী থেকে পৃথক করলাম। সেজন্য আমি এগুলিতে ২-সংখ্যক নোটেশন ব্যবহার করি। এখন যাঁরা আমার এই পদ্ধতির বিরোধী, তাঁদের উত্তরে প্রথমেই বলি যে যাঁরা ৩-সংখ্যক নোটেশনের একান্ত পক্ষপাতী, তাঁরা অনায়াসে দশমিক বিন্দুটিকে এক ধাপ এগিয়ে দিয়ে ২-সংখ্যার জায়গায় ৩-সংখ্যা করে নিতে পারেন। সে-সমস্যা খুব বড় নয়।

তবে এখানে একটা মূলগত প্রশ্ন এসে পড়ছে। আজকাল কোনো পাবলিক লাইব্রেরী বা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে কেবলমাত্র সেই দেশের বা সেই রাজ্যের ভাষায় লেখা বই জড় করলেই চলে না—কারণ ভারতের সংবিধান

অনুসারে 'ভারত একটা নেশন' এবং যে-কোন লোকের যে-কোন দেশে গিয়ে বসবাস করবার ও নিজ নিজ সংস্কৃতি চর্যার সম্পূর্ণ অধিকার আছে। তাই যে-কোন বড়, এমনকি মাঝারি লাইব্রেরীতেও নিজের দেশের ভাষা ছাড়া প্রতিবেশী স্টেটের ভাষায় লেখা বই রাখতে হয়; তার উপর হিন্দী রাষ্ট্রভাষা ব'লে স্বীকৃত হয়েছে; সেজন্যও প্রত্যেক স্কুল-কলেজ ও সাধারণ লাইব্রেরীতেও হিন্দী গ্রন্থ জমে উঠছে এবং কালে আরও উঠবে। এছাড়া বিশ্ববিদ্যালয়গুলিতে নানা ভারতীয় ভাষায় উচ্চতর গবেষণা করবার ক্ষেত্র প্রসারিত হয়েছে ব'লে, সেসব ভাষার বই সংগ্রহ করতেই হয়।

এইজন্য আমি প্রত্যেক ভারতীয় ভাষার জন্য পৃথক লাইব্রেরী গড়ে তোলবার পক্ষপাতী। অনেকের মতে বিষয়-অনুযায়ী বই সাজানো বিধেয়। সেটা সাধারণ গ্রন্থাগারে চলতে পারে, ভারতীয় ভাষা সম্বন্ধে তা অচল। তার কারণ বাংলায় যে পাঠক পদার্থবিদ্যার বই খুঁজছে, তাকে ইংরেজি, হিন্দী, উর্দু, ওড়িয়া প্রভৃতি সকল ভাষার ফিজিক্সের বই-এর অরণ্যে ছেড়ে দিয়ে লাভ কি!

সেই দুঃখ থেকে পাঠককে রেহাই দেবার জন্য আমি ভারতীয় ভাষার লাইব্রেরীতে পৃথক প্রতীক ব্যবহারের পক্ষপাতী। ভারতীয় সংবিধান মতে আমরা ইংরেজি বা আরাবিক (আসলে হিন্দু) সংখ্যা-সংকেত বা নোটেশন ব্যবহার করতে বাধ্য; আমাদের বাংলাভাষায় লেখা গণিত, রসায়ন, পদার্থ-বিদ্যাদির বই-এ ইংরেজি নোটেশনই ব্যবহৃত হচ্ছে। তাই আমার মতে নিজ দেশীয় ভাষা ছাড়া অন্য ভাষায় লিখিত বইগুলিতে ভাষাওয়ারী প্রতীক চিহ্ন দিয়ে বিষয়গুলিতে একই নম্বর আরাবিক (Arabic) নোটেশনে দেওয়া যেতে পারে। সাধারণ গ্রন্থাগারে ফিজিক্স 520; বাংলায় ৫২; অন্যান্য ভারতীয় ভাষার মধ্যে হিন্দী পদার্থবিদ্যার বই-এর নম্বর হবে H 52, মারাঠি M 52, অসমীয়া হবে Ah 52, ওড়িয়া হবে Od 52 ইত্যাদি। এবিষয়ে পরে আলোচনা আছে।

এই প্রথার ব্যবহারিক সুবিধা বিস্তর; আমাদের গ্রন্থাগারে অল্পশিক্ষিত লোকদের পক্ষে ইংরেজি অক্ষর, নোটেশনগুলি জানা থাকলেই তারা কল-নম্বর দেখে বই সহজেই শেল্‌ফ থেকে আনতে পারে এবং ফেরত এলে যথাস্থানে রাখতে পারে। সংখ্যা জটিল হলে গ্রন্থের স্থানচ্যুতি হবার ভয় থাকে খুব। আর বড় লাইব্রেরীর অরণ্যে একটা বই যদি পথ হারিয়ে কোন-খানে লুকিয়ে পড়ে, তবে তাকে খুঁজে বেরকরা যে কী ব্যাপার, তা ভুক্তভোগীরা

ভালো করেই জানেন। কোলন (Colon) পদ্ধতিতে গঙ্গেশ উপাধ্যায়ের নব্য ন্যায়ের নম্বর হচ্ছে R625x6 ঃ। এই বই স্থানচ্যুত হলে কে খুঁজে বের করবে? আমাদের সংস্কৃত বর্গীকরণে গঙ্গেশ উপাধ্যায়ের নম্বর 11'71

এইজন্য আমরা সরল সংখ্যা-প্রতীকের দেবার চেষ্টা করেছি, আর স্মারক-সংখ্যার (mnemonics) কথা ক্বচিৎ বিস্মৃত হয়েছি। আমরা সংস্কৃত গ্রন্থরাজিকে 01-99 নম্বর দিয়ে সাজাতে পারি; আর ভারতীয় ১৪ ভাষার জন্য এই বাংলার বর্গীকরণে সংখ্যাই ব্যবহার করতে পারি-কেবল প্রত্যেক ভাষার জন্য একটা ইংরেজি প্রতীক অক্ষর দিয়ে। এখানে তার মোটামুটি ছকটা বলেই দিই।

সংস্কৃত	Oo —99
অসমিয়া	Aoo—A99
কানাড়ি	Coo—C99
গুজরাটি	Goo—G99
হিন্দী	Hoo—H99
কাশ্মীরি	Koo—K99
মারাঠি	Moo—M99
মালয়ালাম	Mloo—Ml99
মনিপুরী	Mpoo—Mp99
নেপালী	Noo—N99
ওড়িয়া	Odoo—Od99
পঞ্জাবী	Poo—P99
সিন্ধী	Soo—S99
তামিল	Too—T99
তেলেগু	Tloo—Tl99
উর্দু	Uoo—U99

বন্ধুদের দ্বিতীয় অভিযোগ যে আমি ডিউই-র দেওয়া বিষয়-সংখ্যার অদল-বদল করেছি। আমার মতে এই বদল না-করলে ভারতীয় ও প্রাচ্য বিষয়-গুলির উপযুক্ত স্থান সংকুলান করা যায় না। ১৮৭৬ সালে মেলভিল ডিউই যখন তাঁর বর্গীকরণ সবপ্রথম প্রকাশ করেন, তখন তিনি ভাবতেও পারেন নি যে তাঁর পদ্ধতি একদিন দুনিয়ার নানা দেশের লোকে গ্রহণ করবে;

তিনি আমেরিকান কলেজের জন্য এটি করেছিলেন। তারপর ঐ বই-এর ১৫টি সংস্করণ হয়েছে এবং প্রত্যেকবারই কি কিছু রদ বদল হয় নি?

ডিউই-তে বাংলা সাহিত্যের স্থান দেওয়া হয়েছে 891·44 : বাংলাদেশে অনেক গ্রন্থাগারিক বাংলায় ৮৯১·৪৪ লিখে বাংলাভাষার যাবতীয় গ্রন্থ সেখানে রেখে দেন। এর ফলে বাংলা কাব্যের নম্বর হয়েছে ৮৯১·৪৪৮১ এবং এরপর যদি কালানুক্রমিক বা Period দিয়ে ভাগ করা যায় তখন সংখ্যা আরও বড়ো হয়ে যাবে। আমরা সে জায়গায় ৮০ দিয়েছি, বাংলা কবিতা ৮১; স্মারক সংখ্যায় সাহিত্যে '১' কাব্য বুঝায়।

ভারতীয় ধর্মের স্থান ডিউই-তে নগণ্য—খ্রীষ্টধর্ম জুড়ে আছে ৮০ টি সংখ্যা। আমরা বর্গীকরণে হিন্দু, বৌদ্ধ, জৈন, ইসলামের জন্য যথেষ্ট স্থান দিয়েছি—তা বর্গ-তালিকা দেখলেই বোঝা যাবে। ইতিহাসেও অদল-বদল করেছি সত্য, কিন্তু ইংল্যাণ্ডের ইতিহাসে নম্বর দিয়েছি ৯৯·৪২, ডিউইতে আছে 942 সুতরাং স্মারক সংখ্যা প্রায় ঠিকই রাখা হয়েছে।

বাংলা এখন বিভক্ত দেশ—দুইটি পৃথক রাজ্য—পশ্চিম বঙ্গ ও পূর্বপাকিস্তান। পূর্বপাকিস্তানে বাংলাভাষা রাষ্ট্রভাষা রূপে চালু করবার চেষ্টা চলছে, এবং একদিন যেখানে সেটা সফলও হবে। সেখানে বহু গ্রন্থ ছাপা হচ্ছে এবং হবে। এখন প্রশ্ন ওঠে তাদের কি পৃথক করে রাখতে হবে? আমাদের মতে একই ভাবে রাখতে হবে; কেননা, ইংরেজের লেখা বিজ্ঞানের বই, আর আমেরিকান, অস্ট্রেলিয়ানের লেখা বিজ্ঞানের বই কি আমরা পৃথক করে রাখি? তা যখন করি না—তখন পূর্বপাকিস্তান বা পূর্ববঙ্গের লেখকদের বই পশ্চিমবঙ্গের লেখকদের থেকে পৃথক করে রাখবার কোন সার্থকতা দেখি না। তবে যদি কোন লাইব্রেরী মনে করে যে, পাকিস্তানের লেখকদের বই পৃথক করে রাখবেনই, তা করবার স্বাধীনতা তাঁর অবশ্যই আছে; এবং সেক্ষেত্রে বর্গীকরণের সংখ্যাগুলির পূর্বে 'প' অক্ষরটি দিয়ে দিতে পারেন। পূর্ব পাকিস্তানের গ্রন্থাগারে তাঁরা যদি পশ্চিমবঙ্গের বই আলাদা করতে চান, তবে তাঁদের দেশেও এই পদ্ধতি গ্রহণ করে সংখ্যাগুলির পূর্বে 'প' অক্ষর দিতে পারবেন।

এই বর্গীকরণে ইসলাম-এর নম্বর হয়েছে ২৮। এখন এই ৮-টি আমি পাকিস্তানের ক্ষেত্রে প্রয়োগ করেছি সর্বত্র,

পাকিস্তানের ইতিহাস	৯৮
মুসলীম জাতীয়তা	৯৪·৫৮

আমার এই 'দশমিক বর্গীকরণ' অনুসারে যাঁরা বই সাজাবেন, তাঁদের মনে একটা প্রশ্ন উঠতে পারে—বিষয়গুলি এতো সূক্ষ্ম করে কেন করা হয়েছে? আমরা পূর্বেই বলেছি আজ বাংলাভাষায় যেসব বই প্রকাশিত হচ্ছে—তা বহুগুণিত হবে অদূরভবিষ্যতে; তখন সেইসব বিচিত্র বিষয়ের গ্রন্থের স্থান কোথায় হবে, তা নিয়ে তরুণ গ্রন্থাগারিকদের বেশি কষ্ট পেতে যাতে না হয়, তার জন্যই এই ব্যবস্থা করে গেলাম। তা ছাড়া এই বর্গীকরণের বর্গতালিকা দেখলেই একটা বিষয়ের মধ্যে কত ভাগ, বিভাগ, উপবিভাগ হতে পারে অর্থাৎ জ্ঞানরাজ্যের কত গলিঘুঁজি আছে তার কিছুটা আভাস এর থেকে গ্রন্থাগারিকরা পেতেও পারেন।

একটা উদাহরণ দিই। পাঠক এসে 'শংকুনির্মাণ' সম্বন্ধে বই চাইলেন; তাঁকে যদি গণিত বা জ্যোতিষের লম্বা ফিরিস্তি দেখিয়ে বলা হয় ওর মধ্যে আছে,—তবে তা গ্রন্থাগারিকের যোগ্য কাজ নিশ্চয়ই হবে না। নির্দেশিকায় 'শংকুনির্মাণ' শব্দটি আছে, সেই নম্বর দেখে বই সংগ্রহ করা সহজ হবে। কিন্তু ঐ বিষয়ের উপর যদি কোন বিশেষ বই না-থাকে, তবে কোন্ গ্রন্থমধ্যে এই বিষয়ের আলোচনা আছে, বিচক্ষণ লাইব্রেরীয়ান্ সেটা ক্যাটালগে সূচিত করে রাখবেন,—আরও ভালো হয় যদি পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের সন্ধান সেখানে দেওয়া থাকে। এইজন্য আমি সূক্ষ্ম বর্গীকরণের পক্ষপাতী।

বাংলা সাহিত্য সম্বন্ধে সাধারণত পাঠকদের চাহিদা বেশি—খুবই স্বাভাবিক। সেজন্য কালানুক্রমিক লেখক-তালিকা দিতে পারলে ভালো হতো; কিন্তু প্রাচীন ও মধ্যযুগের লেখকদের সর্ববাদিসম্মত কাল-নির্ণয় হয়নি ব'লে এবারকার সংস্করণে সে জটিল জালের মধ্যে প্রবেশ করলাম না; আশা

করি বাংলা সাহিত্যের ইতিহাসে সুপণ্ডিত কোন গ্রন্থাগারিক আমার এই অসম্পূর্ণ কাজটি পূরণ করবেন।

এই গ্রন্থের নির্দেশিকা তৈয়ারী করে দিয়েছেন আমার সোদরোপম সুহৃৎ শ্রীসত্যচরণ মুখোপাধ্যায়—যাঁরা সঙ্গে প্রায় ত্রিশ বৎসর বিশ্বভারতীর আর্থিক দুঃখের দিনে পরমানন্দে একত্র কাজ করেছিলাম; তাঁর ও তাঁর পুত্র শ্রীমান্ সুমন্-এর সহযোগিতা না-পেলে এগ্রন্থ অসম্পূর্ণ থাকতো। পিতা-পুত্রের এই সহযোগিতার জন্য আমি কৃতজ্ঞ।

বিশ্বভারতী কেন্দ্রীয় গ্রন্থাগারের টেক্‌নিক্যাল এসিসটেণ্ট আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীসুপ্রিয় মুখোপাধ্যায় এই গ্রন্থ প্রণয়নের সময়ে নানাভাবে সাহায্য করেছেন, সেজন্য পুত্রের নিকট পিতা কৃতজ্ঞ।

এই গ্রন্থ প্রকাশ করেছেন শ্রীপ্রহ্লাদকুমার প্রামাণিক; ইনি দুঃসাহসিকতা না-করলে এ গ্রন্থ ছাপা হত না; তবে তিনি এমন অনেক বই ছাপিয়েছেন যার থেকে আর্থিক আয় সুদূরপরাহত; তাঁর এই কার্যের মূল্য আশা করি দেশবাসী দেবেন।

১০ মাঘ ১৩৬৫
বোলপুর, বীরভূম

প্রভাতকুমার মুখোপাধ্যায়

পুঃ—এই গ্রন্থের রয়ালটির এক-তৃতীয়াংশ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদকে উৎসর্গ করিয়া আমি ধন্য হইয়াছি। পরিষদের কর্তৃপক্ষ এই সামান্য দান গ্রহণ করিয়াছেন বলিয়া আমি কৃতজ্ঞ। প্র. মুখ

নিয়মাবলী

গ্রন্থাগারের যাবতীয় গ্রন্থ পত্রিকা পুস্তিকা প্রভৃতি বর্গীকরণের সংখ্যা অনুযায়ী শেল্‌ফে সজ্জিত থাকবে ; অর্থাৎ ০০ হইতে ৯৯ পর্যন্ত সংখ্যা পরপর থাকবে। শেলফে বা তাকে যেভাবে বইগুলি রক্ষিত হচ্ছে—তার তালিকাকে বলে শেল্‌ফ লিস্ট। এই শেল্‌ফ লিস্ট লাইব্রেরিয়নের হেপাজাতে থাকা উচিত এবং বাইরের লোকে এতে হস্তক্ষেপ করতে পারবে না ; নূতন নূতন বই-এর কার্ড প্রস্তুত হলে যথাস্থানে আসবে। কিন্তু, প্রশ্ন পাঠক কি দেখে গ্রন্থ নির্বাচন করবেন ?

পাঠকের জন্য থাকবে ক্যাটালগ ; এই ক্যাটালগ তিন প্রকারের হতে পারে : (১) গ্রন্থকার-ওয়ারী অর্থাৎ একজন গ্রন্থকার-লিখিত সকল বিষয়ের গ্রন্থ একস্থানে সন্নিবেশিত হবে ; রবীন্দ্রনাথের কাব্য, নাটক থেকে বিশ্বপরিচয় পর্যন্ত সকল গ্রন্থ অকারাদি ক্রমে লিপিবদ্ধ হবে। (২) গ্রন্থ-ওয়ারী অর্থাৎ গ্রন্থের নাম দিয়ে। সেখানেও অকারাদি ক্রমে গ্রন্থের নাম থাকবে প্রথমে, গ্রন্থকারের নাম থাকবে পরে। (৩) বিষয়-ওয়ারী অর্থাৎ নির্দেশিকায় যেসব প্রধান প্রধান বিষয় আছে—তদনুযায়ী গ্রন্থকারদের নাম ও তাঁদের রচিত গ্রন্থের নাম থাকবে। (৪) অনেক গ্রন্থাগারে Dictionary Catalogue করা হয়—সবগুলিকে মিলিয়ে—বর্ণানুক্রমিক ভাবে।

আমাদের দেশে ক্যাটালগ রাখবার সাধারণ নিয়ম হচ্ছে যে-কোন খাতায় মোটামুটি কয়েকটা ভাগ করে প্রত্যেক ভাগের মধ্যে কয়েকখানি সাদা পাতা রেখে অকারাদি ক্রমে গ্রন্থকার-ওয়ারী বই-এর তালিকা করা। অনেক ক্ষেত্রে তা'ও থাকে না—প্রত্যেক বিষয়ের মধ্যে যখন-যেমন বই আসছে তাই লিপিবদ্ধ করা হয়। এইসব প্রণালীতে আজকাল আর কাজ চলে না। এখন আধুনিক পদ্ধতি অবলম্বন করতেই হবে।

বৈজ্ঞানিকভাবে ক্যাটালগ প্রস্তুতের প্রয়োজন কেন হয়, তা' লাইব্রেরীতে আমাদের কি ধরনের প্রশ্নের উত্তর দিতে হয়, তার আভাস পেলেই বোঝা যাবে।

(১) পাঠক 'দিদি' বা 'বিশ্বপরিচয়' বা 'নিচের মহল' পড়তে চান। গ্রন্থকারের নাম জানেন না। সুতরাং গ্রন্থওয়ারী তালিকা থাকা চাই।

(২) অনুরূপা দেবীর কি কি বই আছে—লাইব্রেরীতে ? গর্কি-র তর্জমা কি আছে ? টলস্টয়ের 'ওয়ার এন্‌ড পীসে'র অনুবাদ কি এসেছে ?

(৩) হোমিওপ্যাথি সম্বন্ধে বাংলা বই কি আছে ?

(৪) আমাদের লাইব্রেরীতে হিন্দী বই কি আছে ? তুলসীদাসের মূল রামায়ণ ? বাংলায় তার তর্জমা হয়েছে কি ?

(৫) বিশ্ববিদ্যাসংগ্রহ, সাহিত্য-সাধক চরিতমালার কি কি বই আছে ?

(৬) এ ছাড়া আরও অনেক প্রশ্ন হতে পারে, যার উত্তর শিক্ষিত গ্রন্থাগারিক ছাড়া কেউ দিতে পারেন না।

গ্রন্থাগারের ব্যবহারের জন্য প্রথমেই প্রয়োজন গ্রন্থগুলিকে বিষয়-অনুযায়ী সাজানো। প্রত্যেক বিষয়ের মধ্যে বর্ণানুক্রমিক গ্রন্থকার ও তাঁদের গ্রন্থগুলি রাখতে হবে । শেল্‌ফ-লিস্টের 'কার্ড' প্রথমেই তৈরী করে, তারপরে ক্যাটালগের কার্ডগুলি করতে হবে। ক্যাটালগ কিভাবে করা যেতে পারে তা আমরা পরে ব্যাখ্যা করবো।

লাইব্রেরীর গ্রন্থ সাজাবার পক্ষে দশমিক বর্গীকরণের সংখ্যাগুলি যথেষ্ট নয় ; কারণ, অর্থনীতি বা অলঙ্কারশাস্ত্র সম্বন্ধে একাধিক বই থাকতে পারে। এক্ষেত্রে বিষয়ের যেমন বিশেষ সংখ্যা দিতে হয়, তেমনি প্রত্যেক গ্রন্থকারের জন্যও বিশেষ নম্বর বা সঙ্কেত কিছু দিতে হয়।

পাশ্চাত্যদেশে গ্রন্থকার নামমালার জন্য Cutter-Sanborne Three Alphabet System ব্যবহৃত হয়। ইহা য়ুরোপীয় ভাষার যাবতীয় নামের (Proper names) সংক্ষিপ্ত তালিকা—বর্ণানুক্রমিক সজ্জিত। এই অভিধানে প্রত্যেক নামের স্থায়ী নম্বর পাওয়া যায় ; যেমন Browning-এর স্থায়ী নম্বর B 84—সর্বত্র ইহা ব্যবহৃত হতে পারে। ইহাকেও বিস্তারিত করা যায়। বহুকালপূর্বে পঞ্জাব লাইব্রেরী থেকে ডিকিন্সন সাহেবের একটি গ্রন্থে একটি সহজ নাম-তালিকা প্রস্তুত করা হয়েছিল ; বাংলার জন্য এইরূপ নামমালা প্রস্তুত করেছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রীপ্রমীলচন্দ্র বসু। এই 'প্রমীল সংখ্যা' লিলুয়া রেলওয়ে লাইব্রেরী বর্গীকরণে শ্রীতিনকড়ি দত্ত ব্যবহার করেছেন।

কোন কোন গ্রন্থাগারে বিশেষ গ্রন্থকারের গ্রন্থ ও তৎসংক্রান্ত গ্রন্থরাজি সংগৃহীত হয়—যেমন মাইকেল মধুসূদন লাইব্রেরী, হেমচন্দ্র পাঠাগার। আবার বিশেষ বিষয় সম্বন্ধেও গ্রন্থ সংগ্রহ হতে পারে ; যেমন—বৈষ্ণব ধর্ম ও সাহিত্য, সমাজতত্ত্ব, বিজ্ঞান ইত্যাদি। লাইব্রেরীর কর্তৃপক্ষের ইচ্ছানুসারে অনেক সময়ে এই শ্রেণীর গ্রন্থগুলিকে বিশেষ চিহ্নের দ্বারা পৃথক করে রাখা হয়।

শিশুসাহিত্যকে আমি ০৮ নম্বর দিয়েছি। ইহা সম্পূর্ণ পৃথক লাইব্রেরী

হবে। শিশুদের বইগুলিকে ছোট ছোট শেলফে বিষয়ানুযায়ী সাজিয়ে রাখলে শিশুরা অল্প বয়সেই দশমিক বর্গীকরণের রহস্য আয়ত্ত করে নিতে পারবে।

ক্যাটালগ বা গ্রন্থসূচী প্রণয়নের নিয়মাবলী

গ্রন্থকারের নাম

১। বাংলা সমাজে ও পাশ্চাত্য সমাজে লোকের নাম বলবার প্রথা সম্পূর্ণ পৃথক; পাশ্চাত্য ভাষায় ব্যক্তি পারিবারিক নামদ্বারা খ্যাত। তাদের ব্যক্তিগত নাম আত্মীয় বন্ধু-সমাজে চলিত মাত্র; যেমন জন্ মিলটন—মিলটন নামে পরিচিত, 'জন্' নামে নয়। কিন্তু বাংলাভাষায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'বঙ্কিমচন্দ্র' নামেই আমরা জানি; রবীন্দ্রনাথ ঠাকুরকে 'রবীন্দ্রনাথ' বলি; কিন্তু য়ুরোপীয়রা বলে ট্যাগোর (Tagore)। সেইজন্য বাংলা গ্রন্থসূচীতে আমরা লেখকদের ব্যক্তিগত নাম দিয়েই লিখব, পদবী দিয়ে নয়।

২। স্বামী, ভাই, ভিক্ষু, স্থবির, মহাস্থবির, ফাদার, মাদার, ব্রাদার প্রভৃতি 'নাম' নয়—স্বামী বিবেকানন্দের নাম বিবেকানন্দ হবে; তবে বিকল্প নামগুলি আক্ষরিক সূচীতে রাখা দরকার, যেমন নরেন্দ্রনাথ দত্ত, শান্তদাস বাবাজি তথা তারাকিশোর চক্রবর্তী।

৩। ব্যক্তি-বিশেষের নাম-অনুসারে প্রতিষ্ঠান হতে প্রকাশিত গ্রন্থগুলি যদি কোন একজন লেখকের গ্রন্থ না হয়, তবে প্রতিষ্ঠানের নামকেই গ্রন্থকার-রূপে লিখতে হইবে—যেমন বিবেকানন্দ সোসাইটি, লিনিয়াস সোসাইটি, রবীন্দ্রপরিষদ।

৪। রমণী লেখিকাদের নামের শেষে প্রায়ই 'দেবী' বা 'দাসী' থাকে, তাঁদের পদবী থাকে না। সুতরাং তাঁদের বিবাহের পূর্বের বা পরের নামে কোন গোলমাল থাকে না। কিন্তু কামিনী সেন যখন কামিনী রায় হয়, গায়ত্রী বসু—গায়ত্রী মুখোপাধ্যায় হলে তা গ্রন্থসূচীর মধ্যে উল্লিখিত থাকবে।

৫। মুসলমান লেখকদের নাম অনেক সময়ে দীর্ঘ হয়—যেমন আকবরের নাম—জেলালুদ্দিন মহম্মদ আকবর; আমরা আকবর বলেই লিখব; জেলালুদ্দিন রুমি 'রুমি' নামেই পরিচিত। তবে নজরুল ইসলাম—'নজরুল' নামে খ্যাত, ইসলাম নামে নহে; আসরাফউদ্দিন চৌধুরী নামের প্রথম অংশ

দিয়ে পরিচিত। সুতরাং মুসলমানী নাম সম্বন্ধে লেখক বা ব্যক্তি যে নামে সুপরিচিত, সেই নামেই বলবেন।

৬। বাংলায় কুমার, কিশোর, মোহন, নাথ, চন্দ্র প্রভৃতি মধ্যস্থিত উপনামগুলি সর্বদাই লিখিত হবে—বীরেন্দ্রকিশোর, বীরেন্দ্রচন্দ্র, বীরেন্দ্রনাথ, বীরেন্দ্রমোহন ইত্যাদি।

৭। প্রাচীন নামের উপনাম বা পদবী নাই—চণ্ডীদাস, বিদ্যাপতি, ভীষ্ম, দ্রোণ, যুধিষ্ঠির ইত্যাদি। এই সব নাম এই ভাবেই লিখিত হবে।

৮। সরকারী উপাধি বা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী প্রভৃতি দেওয়া নিষ্প্রয়োজন। কিন্তু তা দিলে যদি গ্রন্থের কদর বাড়ে তবেই তা দেওয়া যেতে পারে; কোনো ডাক্তার লিখিত স্বাস্থ্যবিজ্ঞান সম্বন্ধে গ্রন্থ, সাধারণ লোক লিখিত গ্রন্থ হইতে পাঠক অধিক শ্রদ্ধার সহিত পাঠ করবে। কিন্তু কতকগুলি উপাধি নামের সহিত অচ্ছেদ্যভাবে যুক্ত—যেমন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (বন্দ্যোপাধ্যায়), সীতানাথ তত্ত্বভূষণ (দত্ত), শিবনাথ শাস্ত্রী (ভট্টাচার্য), অমূল্যচরণ বিদ্যাভূষণ (ঘোষ) ইত্যাদি।

৯। গ্রন্থকারদের জন্ম-মৃত্যুর তারিখ গ্রন্থসূচীতে থাকা বাঞ্ছনীয়।

১০। রাজা, সম্রাট, বাদশাহ, গবর্নর প্রভৃতির নাম ইতিহাসে যে ভাবে প্রচলিত আছে—তদ্রূপ লিখিত হবে। তবে রাজা হবার পূর্বের নাম আক্ষরিক সূচীর যথাস্থানে থাকবে—যেমন সেলিম শাহ দ্র. জাহাঙ্গীর; খশরু দ্র. শাহজাহান; রোনল্ডশে দ্র. জেটল্যাণ্ড ইত্যাদি।

১১। ছদ্মনাম যেমনভাবে চলিত আছে তেমনভাবেই চলুক, তবে তাদের প্রকৃত নাম লিপিবদ্ধ করা হবে—কমলাকান্ত., ইন্দ্রজিৎ, ভাস্কর, রূপদর্শী, মুসাফীর, যাযাবর, বিজ্ঞানভিক্ষু প্রভৃতি বহু নাম চলিত হয়েছে। ছদ্মনামের পাশে আসল নাম দিতে হবে, এবং আসল নাম যথা স্থানে তালিকাভুক্ত করতে হবে।

১২। পরিষদ, ক্লাব, সমিতি, পত্রিকা প্রভৃতির নিজস্ব নাম দিয়ে লিখতে হবে—'বঙ্গীয়সাহিত্যপরিষৎ', 'আলোচনা সমিতি', 'বিচিত্রা ক্লাব', 'বিবেকানন্দ সোসাইটি'।

১৩। যেসব পত্রিকার নাম পরিবর্তিত হয়েছে, তা ক্যাটালগে সূচিত হবে। মর্মবাণী ও মানসী দুইটি পৃথক পত্রিকা ছিল, পরে দুইটি যুক্ত হয়ে নাম হয় মানসী ও মর্ম্মবাণী। সাধারণ পত্রিকা থাকবে ০৫-এর মধ্যে, সাহিত্যসংক্রান্ত পত্রিকা ৮০.০৫ এ, গল্পের পত্রিকা ৮৩.০৫। অথবা সব পত্রিকাই ০৫-এর মধ্যে বিষয়-নম্বর দিয়ে শ্রেণীত করা যেতে পারে। ০৫·৮৩ গল্পের পত্রিকা।

১৪। অনেক সময় একই গ্রন্থমধ্যে দুই বা ততোধিক লেখকের রচনা থাকে; এসব ক্ষেত্রে সম্পাদকের নাম দিয়ে ক্যাটালগের কার্ড হবে। তবে সকল লেখকের জন্য পৃথক কার্ড করে গ্রন্থকার-তালিকা মধ্যে সেগুলি রাখতে হবে।

গ্রন্থতালিকা

১। শেল্‌ফ-লিস্টে গ্রন্থকারের পর গ্রন্থের নাম থাকবে। গ্রন্থের নাম অনেক সময়ে পুস্তকের উপরে যতটুকু থাকে, ভিতরের পৃষ্ঠায় তার থেকে বেশি থাকে; প্রতিপাদ্য বিষয় জানবার পক্ষে এটা প্রয়োজন হয়। সেজন্য ভিতরের বর্ণনাটুকু সম্পূর্ণরূপে লিপিবদ্ধ করা আবশ্যক।

২। গ্রন্থের সংস্করণ লেখা একান্ত প্রয়োজন। পুনর্মুদ্রণ হলে তা কোন্ মুদ্রণ এবং সংস্করণ হলে তা সংশোধিত ও পরিবর্ধিত হয়েছে কি না, সে তথ্যও স্পষ্টভাবে দেওয়া দরকার। কোন গ্রন্থ গোপনে বা স্বল্প-সংখ্যা মুদ্রিত হলে তার উল্লেখ থাকবে।

৩। গ্রন্থের প্রকাশক ও প্রকাশকের স্থান নির্দেশ থাকবে। তবে কলিকাতা হলে তার উল্লেখ নিষ্প্রয়োজন।

৪। পুস্তক মুদ্রণের তারিখ দিতে হবে; পুস্তকখানি কবে প্রথম প্রকাশিত হয়েছিল তা [ ] ব্রাকেটে লেখা দরকার। গ্রন্থ রচনার তারিখ প্রদত্ত হলে আরও ভাল হয়। তারিখের সন্দেহ থাকলে প্রশ্ন-চিহ্ন (?) দিতে হয়।

৫। বাংলা পুস্তক মুদ্রণের তারিখ একটি গোলমালের ব্যাপার। এ দেশে বহু অব্দ প্রচলিত—বঙ্গাব্দ, হিজরী, ত্রিপুরাব্দ, চৈতন্যাব্দ: বুদ্ধাব্দ, ব্রাহ্মাব্দ, সম্বৎ, শকাব্দ ও য়ুরোপীয় অব্দ। দানিশাব্দ 'প্রাচীন পুঁথির বিবরণ' গ্রন্থে (১ম খণ্ড, দ্বিতীয় সংখ্যা, পৃঃ ১০৪) পাওয়া যায়। এই সকল অব্দ লিখে খ্রীষ্টাব্দে পরিণত করে রাখাই সমীচীন।

৬। প্রাচীন মুদ্রিত গ্রন্থের (লনডন বা শ্রীরামপুরে ছাপা) টাইটেল-পেজ সম্পূর্ণভাবে লিখবার নিয়ম, এমনকি মুদ্রাকরের নাম পর্যন্ত। প্রাচীন মুদ্রিত পুস্তক ও দুষ্প্রাপ্য গ্রন্থগুলি সাধারণ শেল্‌ফে রাখা হবে না, এবং ক্যাটালগের মধ্যে দুষ্প্রাপ্য শব্দ লেখা থাকবে না। যদি ক্যাটালগ দেখে কেউ সেই বই চান তবে তার ইস্যু সম্বন্ধে বিশেষ ব্যবস্থা করতে হবে। 'দুষ্প্রাপ্য' বা 'দুর্মূল্য' শব্দ লেখা থাকলে বই-চোরদের দৃষ্টি আকর্ষণ করা হয়; তাই এই নিষেধ।

৭। গ্রন্থের কয়টি খণ্ড বা ভল্যুম ও প্রত্যেক খণ্ডের পৃষ্ঠাসংখ্যা পৃথকভাবেই লিপিবদ্ধ হবে।

৮। গ্রন্থের সাইজ বা আকার সেন্টিমিটারে ও ডিমাই, অক্টোভো, ডবল ক্রাউন প্রভৃতি শব্দের দ্বারা প্রকাশ করার নিয়ম।

৯। প্রত্যেক গ্রন্থের পৃষ্ঠাসংখ্যা দিতে হয়; সূচী, ভূমিকা নিবেদনাদির পত্রাংক যদি পৃথক থাকে, তবে তা পৃথকভাবেই প্রদর্শিত হবে; যথা ৷৷০+৮৶০+৩৭৫+৮০+মানচিত্র ইত্যাদি।

১০। গ্রন্থমালা বা সিরিজের তালিকা থাকবে। প্রথমে গ্রন্থের নাম ও পরে গ্রন্থকর্তার নাম। কোন কোন গ্রন্থমালার সংখ্যা থাকে—যেমন সাহিত্যসাধক চরিতমালার। কিন্তু বিশ্ববিদ্যাসংগ্রহে ক্রমিক সংখ্যা প্রদত্ত হয় না, যদিও প্রকাশকের তালিকায় উহা প্রদত্ত আছে।

১১। কোন গ্রন্থাবলীর মধ্যে যদি অনেকগুলি বই থাকে তবে কোন্ খণ্ডে কি বই আছে, তা লিখতে হবে; নতুবা অনাবশ্যক সকল খণ্ডগুলি খুঁজতে হয়। আবার রবীন্দ্রনাথের বই-এর নামে যে কার্ড থাকবে তা'তে রবীন্দ্র-রচনাবলীর কোন্ খণ্ডে উক্ত গ্রন্থ আছে, তার উল্লেখ থাকা নিতান্ত প্রয়োজন। ক্যাটালগে সব তথ্য একত্র পাওয়া উচিত।

১২। এইসব ব্যতীত গ্রন্থমধ্যে অন্তর্গত চিত্র, ম্যাপ, প্ল্যান, স্বরলিপি, বংশতালিকা, প্রতিলিপি, শব্দসূচী প্রভৃতি লিপিবদ্ধ করতে হবে। প্রত্যেক গ্রন্থের ছবি প্রভৃতির সংখ্যা গুণে ক্যাটালগে লিখে রাখা উচিত—একখানি ছবি নষ্ট হলেই ধরা পড়বে। ছবির পিছনে বা তলদেশে লাইব্রেরীর ষ্ট্যাম্প থাকবে।

সাধারণ নিয়মাবলী

গ্রন্থাগারের পক্ষে নিম্নলিখিত খাতাগুলি রাখতে হয়—

Accession Book বা পরিগ্রহণ-বহি। যেসব গ্রন্থ লাইব্রেরী কমিটি ক্রয় করা স্থির করেন, তার ফর্দ কার্বন-কপি করে এক কপি দোকানে পাঠাবেন, অপর কপি খাতায় থেকে যাবে; ইহাই অর্ডার বই। দোকান হতে বই এলে—দেখা গেল সকল বই পাওয়া যায় নি। না-পাওয়া বইগুলি সম্বন্ধে অর্ডার বইতে দোকানদারের কৈফিয়ৎ ও মন্তব্য এবং যেগুলি পাওয়া গিয়েছে তাদের মূল্য ইত্যাদি নোট করা হবে। কমিটির সম্মুখে দোকানদারের কৈফিয়তাদি পেশ করতে হয়।

বিল্ বা ভাউচারের সঙ্গে বই মিলিয়ে নেবার পর, সেগুলিকে

পরিগ্রহণ-বহি বা অ্যাকসেশন বুকে সংখ্যানুক্রমিক লিখতে হয়। এই সংখ্যা দেখে যে কোন সময়ে, লাইব্রেরীর পুস্তক-সংখ্যা জানা যায়। তবে সে-সংখ্যা নিখুঁত হবে না—কারণ প্রতিবৎসর কতকগুলি বই নানা ভাবে নষ্ট হয় এবং কতকগুলি বইকে বরবাত করতে হয়। এইসব হারানো ও বরবাতী বই-এর একটা তালিকা-বহি রাখা দরকার। সেখানকার সংখ্যাটি পরিগ্রহণ-বহির সংখ্যা থেকে বাদ দিলে লাইব্রেরীর মজুত সংখ্যা জানা যাবে।

পরিগ্রহণ-বহি বেশ ভালো মজবুত কাগজে তৈয়ারী হওয়া বাঞ্ছনীয়; কারণ এই বহি বহু বৎসর থাকবে। ফুলস্ক্যাপ কাগজের ২ পৃষ্ঠায় নিম্নলিখিত ঘরগুলি থাকবে :—

১। তারিখ ; পরিগ্রহণ তারিখ

২। ক্রমিক সংখ্যা

৩। গ্রন্থকার বা সম্পাদক

৪। গ্রন্থের নাম

৫। প্রকাশক

৬। প্রকাশন-স্থান

৭। মুদ্রণ-তারিখ

৮। প্রাপ্তিস্থান—অর্থাৎ যে দোকান হতে বই কেনা হয়েছে, তার নাম ও ঠিকানা। বিল্ বা ভাউচারের নম্বর ও তারিখ।

তবে বহু বই দাতার নিকট হতে পাওয়া যায়। সেই দাতার নাম ও ঠিকানা প্রাপ্তিস্থান কলামে থাকবে।

৯। দাম—ক্রীত বই-এর দাম। বিল্ নম্বর প্রভৃতি।

১০। মূল্য—যে সব বই দানে পাওয়া গিয়েছে, তার একটা দাম আছে। গ্রন্থাগারের asset-এ এই মূল্যই ধরতে হয় ; এ ছাড়া দাম ও মূল্য (Cost & Price) মধ্যে তফাৎ আছে। একটি অল্প দামের বই দুষ্প্রাপ্য হলে তা বহুমূল্য হয় ; আবার পুরাতন পুস্তক বরবাদী অবস্থায় মূল্যহীন হয়ে পড়ে ; লাইব্রেরীর সম্পদ খতিয়ান কালে এই তথ্যগুলির প্রয়োজন হয়।

১১। পত্রসংখ্যা ১২। চিত্রাদির সংখ্যা ১৩। আকার

১৪। বর্গীকরণের সংখ্যা বা কল্নম্বর ১৫। মন্তব্য।

পরিগ্রহণ-বহির কাজ শেষ হলে বর্গীকরণের কাজ সুরু হবে। তখনই এই বইএর দরকার হবে।

দশমিক বর্গীকরণ পদ্ধতি

- আমাদের দশমিক পদ্ধতি সিডিউলগুলি যেভাবে বর্গীকৃত হইয়াছে, তাহা নিম্নে প্রদত্ত হইল। ডিউই-কৃত ১০টি বিভাগই আমি মানিয়া লইয়াছি এবং তিনি যেভাবে বিষয়গুলি মোটামুটিভাবে শ্রেণীত করিয়াছেন, আমিও তাহা করিয়াছি। তবে বিস্তারের মধ্যে অনেক পরিবর্তনও আনিয়াছি—সেগুলি এখানে দেখানো হইতেছে।

ডিউই-মতে ১০০ হইতেছে সাধারণ (Generalia)। আমাদের ২-সংখ্যক তালিকা এইরূপ ঃ—

০০ গ্রন্থ
০১ গ্রন্থ-বিজ্ঞান
০২ গ্রন্থাগার ব্যবস্থাপন
০৩ কোষগ্রন্থ। বিশ্বকোষ।
০৪ পুস্তিকা-সংগ্রহ
০৫ সাময়িক সাহিত্য
০৬ সভা, সমিতি, পরিষদ
০৭ সংবাদপত্র
০৮ বিশেষ সংগ্রহ। শিশুসাহিত্য
০৯ দুষ্প্রাপ্য গ্রন্থ

ডিউই-মতে ১০০ হইতেছে দর্শন। দর্শন মধ্যে তত্ত্ববিদ্যা, লজিক, মনো-বিজ্ঞান, শীলধর্ম প্রভৃতি বহু বিষয় ভুক্ত। আমরা করিয়াছি এইরূপ ঃ

১০ দর্শনশাস্ত্র
১১ অধিবিদ্যা, পরাবিদ্যা
১২ বিবিধ অধিবিদ্যা প্রকরণ
১৩ দেহ ও মন
১৪ দার্শনিক মতবাদ
১৫ মনোবিদ্যা, মনস্তত্ত্ব বা মনোবিজ্ঞান
১৬ তর্কবিজ্ঞান
১৭ শীলধর্ম
১৮ ভারতীয় দর্শন
১৯ অ-ভারতীয় দর্শন

ডিউই-তে ভারতীয় দর্শন 181'4 এবং গ্রীক দর্শন 182—188 পর্যন্ত বিস্তারিত। ধর্ম সম্বন্ধে ডিউই-তে যে ১০টি উপশ্রেণী আছে, তাহাদের মধ্যে খ্রীষ্টধর্ম জুড়িয়া আছে 220-289। আর ভারতীয় ধর্মের স্থান 294 মাত্র। সেইজন্য আমরা ধর্মকে এইভাবে শ্রেণীত করিয়াছি :—

২০ ধর্মতত্ত্ব, মোক্ষধর্ম
২১ ভারতের ধর্ম, সাধারণ
২২ হিন্দুধর্ম, প্রাচীন
২৩ হিন্দুধর্ম, পৌরাণিক-মধ্যযুগীয়
২৪ হিন্দুধর্ম, আধুনিক
২৫ বৌদ্ধধর্ম
২৬ জৈনধর্ম
২৭ খ্রীষ্টধর্ম
২৮ ইসলাম
২৯ অন্যান্য ধর্ম ও পুরাণ

২৭ খ্রীষ্টধর্মের সংখ্যা দিলেও ডিউই-কৃত উপশ্রেণীগুলি গৃহীত হইয়াছে। হিন্দু, বৌদ্ধাদি ধর্ম বিস্তারিতভাবে শ্রেণীত করিয়াছি, কারণ ভারতীয় গ্রন্থাগারে ইহারই প্রয়োজন অধিক।

ডিউই-মতে 300 Social sciences আমরা ৩০ সংখ্যার অন্তর্গত করিয়াছি—

৩০ সমাজবিজ্ঞান, সমাজতত্ত্ব
৩১ পরিসংখ্যান
৩২ রাষ্ট্রনীতি
৩৩ অর্থনীতি
৩৪ আইন ; বিধানতত্ত্ব
৩৫ রাষ্ট্রপ্রশাসন
৩৬ সমাজকল্যাণ সংস্থা
৩৭ শিক্ষা
৩৮ বাণিজ্য, পরিবহণ
৩৯ নৃতত্ত্ব ; সামাজিক রীতিনীতি

ডিউই মতে 400 হইতেছে Philology। এখানেও যুরোপীয় প্রাচীন ও আধুনিক ভাষার উপর যে স্থান দেওয়া হইয়াছে, তাহার পরে প্রাচ্য দেশের

স্থান অতি সামান্যই অবশিষ্ট থাকে; আমরা ৪০ সংখ্যাকে এইভাবে শ্রেণীত করিয়াছি—

৪০ ভাষাবিজ্ঞান
৪১ তুলনামূলক ভাষাবিজ্ঞান
৪২ বাংলা ভাষাবিজ্ঞান
৪৩ বাংলা অভিধান
৪৪ বাংলা শব্দকোষ
৪৫ বাংলা ব্যাকরণ
৪৬ বাংলা ছন্দ; অলংকার
৪৭ উপভাষা। সীমান্তের ভাষা
৪৮ পাঠ্যপুস্তক
৪৯ পৃথিবীর ভাষা

বিজ্ঞান ও ব্যবহারিক বিজ্ঞানাদির বর্গীকরণ প্রায় যথাযথভাবে ডিউই-কে (500) অনুসরণ করিয়াছি—

৫০ বিজ্ঞান
৫১ গণিত
৫২ জ্যোতিষ
৫৩ পদার্থবিজ্ঞান
৫৪ রসায়ন
৫৫ ভূ-তত্ত্ব
৫৬ জীবপ্রত্নতত্ত্ব
৫৭ জীবতত্ত্ব
৫৮ উদ্ভিদবিজ্ঞান
৫৯ প্রাণিবিজ্ঞান

ডিউই-র Useful arts and sciences 500 স্থলে আমরা ব্যবহারিক বিজ্ঞান ও প্রয়োগশিল্পের ৬০ সংখ্যা এইভাবে শ্রেণীত করিয়াছি—

৬০ ব্যবহারিক বিজ্ঞান
৬১ চিকিৎসা-বিজ্ঞান
৬২ ইনজিনীয়ারিং
৬৩ কৃষিবিদ্যা
৬৪ গৃহস্থালী, গার্হস্থ্যবিদ্যা

৬৫ ব্যবসায় ; দপ্তরখানা

৬৬ রাসায়নিক শিল্পতত্ব

৬৭ শিল্পকর্ম

৬৮ নির্মাণ শিল্প

৬৯ বাস্তুবিদ্যা

ডিউই-মতে 700 Fine arts Recreations। আমরা ৭০ সংখ্যা ভারতীয় চারুশিল্পের যোগ্য স্থান দিয়াছি।

৭০ কলা ও শিল্প

৭১ ভূশ্রী বা শোভন শিল্প

৭২ স্থাপত্য

৭৩ ভাস্কর্য

৭৪ রূপরেখা, অঙ্কন, আলেখ্য

৭৫ চিত্রকলা

৭৬ তক্ষণ, উৎকিরণ, খুদাই শিল্প

৭৭ আলোকচিত্র, ফোটোগ্রাফী

৭৮ সংগীত

৭৯ বিনোদন

ডিউই-মতে 800 Literature : এখানেও ভারতীয় বা প্রাচ্য সাহিত্যের স্থান অতি নগণ্য। বাংলার স্থান হইতেছে 891·44 ; অনেকে বাংলায় সেটি মানিয়া বাংলা সাহিত্যের গ্রন্থ রাখেন ৮৯১·৪৪-এর মধ্যে। আমরা তাহা করি নাই। আমরা এইরূপ করিয়াছি—

৮০ বাংলা সাহিত্য—সাধারণ

৮১ বাংলা কাব্যসাহিত্য

৮২ „ নাট্য সাহিত্য

৮৩ „ গল্প, উপন্যাস, কথাসাহিত্য

৮৪ „ গদ্য রচনা, প্রবন্ধ

৮৫ „ বক্তৃতা

৮৬ „ পত্রাবলী

৮৭ „ বিদ্রূপসাহিত্য

৮৮ „ বিবিধ গদ্য ; সংবাদসাহিত্য

৮৯ অনুবাদ সাহিত্য

এই অনুবাদ সাহিত্য ৮৯-এর মধ্যে আমরা পৃথিবীর সমস্ত সাহিত্যের স্থান নির্দেশ করিয়াছি; এখানে যতদূর সম্ভব ডিউই-কে অনুসরণ ও mnemonics বা স্মারকসংখ্যা রক্ষা করিয়া চলিয়াছি।

ডিউই-মতে 900 History; কিন্তু ইতিহাসের মধ্যে ভূগোল ও জীবনীও আছে। এখানেও ভারত ও বঙ্গদেশের স্থান অতি সংকীর্ণ। আমরা এইভাবে শ্রেণীত করিয়াছি :—

৯০ ইতিহাস—সাধারণ
৯১ ভূগোল
৯২ জীবনী
৯৩ ভারত ইতিহাস; পুরাতত্ত্ব
৯৪ ভারত ইতিহাস—সাধারণ
৯৫ বঙ্গদেশ
৯৬ স্থানিক ইতিহাস
৯৭ ভারতের অন্যান্য প্রদেশ ও রাজ্য
৯৮ পাকিস্তান
৯৯ পৃথিবীর ইতিহাস

পৃথিবীর ইতিহাসে ডিউই-কে বহুল পরিমাণে অনুসরণ করা হইয়াছে।

সংযোজন ও সংশোধন

১৩·১৩ মানসিক ব্যাধি (দ্র. ৬১·৬৮৯)

১৫·১৬ বাতিকগ্রস্ত

১৫·৪১ Mnemonics স্মারকসংখ্যা

১৫·৯৬ স্বাধীনতা সংগ্রাম

১৭·৮২ Abstinence

১৮·৪৬ প্রাণায়াম, আসন, ধৌতি প্রভৃতি

·৪৭ সমাধি, ধ্যান

১৮·৬০১ বাদরায়ণ ব্রহ্মসূত্র

·৬০৭ শঙ্কর মঠ

·৬১০১ ব্রহ্মণ, আত্মা

২০·০১২ বিশ্বধর্মবোধ

·০১৩ মানবধর্ম ·০১৫ লোকায়ত ধর্ম

·০৭২ ধর্মগুরু

·০৭৯ তীর্থদর্শন

২০·৭ প্রার্থনা, উপাসনা

২১·২৬৩ ব্রহ্মচর্য ·২৬৯ বর্ণাশ্রম ধর্ম

·৩৮ পরলোক, স্বর্গ, নরক

২২·০২ হিন্দুর নিত্যকর্ম পদ্ধতি

·০২১ হিন্দুধর্মতত্ত্ব

·০২২ „ সাধনতত্ত্ব

·০২৩ „ সৃষ্টিতত্ত্ব

২২·৩০১—·৩০৯ গীতার ভায্যানুবাদ

২৩·০১ যজ্ঞ, পূজা

·০১১ নির্গুণ-সগুণ পূজাবিচার

২৩·০১২ সগুণ উপাসনা

·০১৩ নির্গুণ উপাসনা

---

* অনুগ্রহপূর্বক এই তালিকা দৃষ্টে গ্রন্থের মধ্যে যথাযথস্থানে সংখ্যাগুলি শুদ্ধ করিয়া লইবেন।

২৮·১৪৭ হুরী, পরী প্রভৃতি
·১৮৪৬ কবর, কফন ; মকবরা
৩০·০১২ শ্রমবিভাগ
৩৭·০৫৯ বর্ষপঞ্জী (দেশওয়ারী)
৩২·১২ উপজাতীয় গ্রামপঞ্চায়েত
৩২·৩৩৬ সর্বহারা…, ভূমিহীন চাষী… মজুর ..
৩২·৩৪৪৭ বার্তাজীবী, সাংবাদিক
·৩৮ হজ যাত্রীর পাস্‌পোট ও ভিসা
·৩৯ গ্রাম সমস্যা
·৬১ নারী বিক্রয়
৩৩·১৮৭ মজতুর মণ্ডলী
·৫৩ শ্রেণী সংঘাত
·৫৪৩ কম্যুনিজম ও শ্রেণী সংঘাত
৩৩·৫৬ কম্যুনিজম
৩৩·৬২৪ আয়কর ; অন্যান্য প্রত্যক্ষ কর
·৬২৫ পরোক্ষ করনীতি (Indirect Taxes)
৩৩·৭ আন্তর্জাতিক বাণিজ্যনীতি
৩৩·৮১ উৎপন্ন (Production)
·৮১৫৬ দুর্ভিক্ষের কারণ অনুসন্ধান ও কমিশন
·৮৫৩ বাজারদর ও মজুরী
·৮৬৪ কুটীর শিল্প
·৮৬৯ দেশভেদে কুটীর শিল্প
·৮৭২ (entrepreneur)
·৮৭৫ সংঘ-মালিকানা
·৮৭৬ বিবিধ রাসায়নিক পদার্থ
৩৩·৮৭৬৮ সাবান
·৮৭৬৯ সিমেন্ট
·৮৭৭৩ চাউল উৎপাদন

৩৫·৩২০৩ কলিকাতা ফায়ার-ব্রিগেড্

৩৫·৬৪ (Armoured Forces)

৩৬·১১ গ্রামোদ্যোগ। গ্রামসেবক

·১৪ নিখিল-ভারত নারীসঙ্ঘ

·১৫২ বন্যার্ত সেবা

·১৫৫ দুর্ভিক্ষ ও মহামারীর সময় সেবাকার্য

·২১১ দাতব্য চিকিৎসালয়

৩৬·৯২৩৬ পিঁজরাপোল। গোরক্ষিণী সভা

৩৭·১৯ handicapped

৩৭·১৯৭২ হিন্দু বিদ্যালয়

·১৯৭৩ মধ্যযুগীয় সন্তদের শিক্ষায়তন

৩৭·২১২ নার্সারি স্কুল

৩৭·৩২৪৬ বিদ্যালয়ে বৃত্তিশিক্ষা

·৪০৮২ সমাবর্তন, কনভোকেশন

৩৭·৫ বিবিধ শিক্ষায়তন ও পাঠক্রম

·৫০৭ জার্নালিজম শিক্ষা

·৫১ আশ্রম বিদ্যালয়

·৫৮০৬ সাহিত্য আকাদামি

·৭১ নিরক্ষরতা দূরীকরণ আন্দোলন

·৭১৫ নব-শিক্ষিতদের ব্যবস্থা

·৭২ পত্রযোগে শিক্ষা

·৭৪ গৃহশিক্ষা (Home education)

·৭৫ জনশিক্ষা

৩৭·৯২ বাধ্যতামূলক শিক্ষা, আবশ্যিক শিক্ষা

৩৮·১৪৬ মেলা

·২ Foreign trade ; International trade

·২৬ export

৩৮·২৭ inter-provincial

৩৮·৪৮ টেলিভিশন

৩৮.৫০৭ রেলদুর্ঘটনার তদন্ত
.৫১১ রেলের গাড়ি ইনজিন্ নির্মাণ
.৬৭ হজযাত্রার ব্যবস্থা
৩৮.৯ Weight, Measurements
৩৯.১২৮ বহু-ভর্তিকতা
৩৯.১৬১ নারীর অবরোধপ্রথা, পরদা, হারেম, জেনানা
.১৮২ উপকথা
৩৯.৩৬ Anthropometry
৩৯.৩৯ monstrosities
.৫৮ ...মালয়ালী...
৩৯.৬১৬ মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ
.৬১৭ গুজরাটি ব্রাহ্মণ
.৬৩৭২ তন্তুবায় সমাজ
.৬৪২৬ মারাঠা জাতি
৩৯.৭১ উ. ভারতের সমাজ
.৭২ পূর্ব ভারতের সমাজ
.৭২৫ বঙ্গদেশের সমাজ
৩৯.৭২৫৫ 'যুগী' বা যোগী সমাজ
.৭৩ পশ্চিম ভারতের সমাজ
.৭৪ দক্ষিণ ভারতের সমাজ
৪২.৫ স্বরাঘাত (accent)
৪৯.৭ দ্রবিড় ভাষাবর্গ
.৭১ তামিল .৭২ তেলেগু
.৭৩ কার্নাটিক .৭৪ মালয়ালী
৪৯.৮৩৯ ডাচ্, ওলন্দাজী ভাষা
.৮৪৯ প্রভাঁসাল (Provencal)
.৮৮৯ আধুনিক গ্রীক

৪৯১.৮৯৬	স্লাভনিক ভাষাবর্গ: বালটিক, পোলিশ, ইউকরেন, যুগোশ্লাভিয়া, বুলগেরিয়ান
.৮৯৮	স্কন্দানেবীয় ভাষা
১	সুইডিস, ২ নরওয়েজিয়ান
৩	ডেনীশ, দানীশ বা ডেনমার্কের ভাষা
৪৯১.৮৯৮	
৪	গ্রীনল্যাণ্ড
৫	আইসল্যাণ্ড
৪৯১.৮৯৯	বিবিধ য়ুরোপীয় ভাষা
১	বলকানী ভাষাবর্গ
২	আলবেনিয়ান
৩	
৪	
৫	
৬	তুর্কী
৭	মালটার ভাষা
৮	
৯	
৫২৩.১৫	নীহারিকাবাদ
.৩৫৯	(Aurora polaris)
.৫৩	অনুসূর (Perihelion)
৫৩৫২.৭	সূর্যঘড়ি
.২৮	জলযন্ত্র
.৪৫	শব্দতরঙ্গ
.৯৭১	ইলকট্রনিস্
৫৩.৯৮	প্রয়োগ…গাইগার কাউণ্টার
.৯৯	পরমাণবিক গঠন
৫৪.২৬৯	ধৌতি
.২৯	নির্লিপ্ত গ্যাস (inert gas)
৫৪.৯	মণিকবিদ্যা

৫৮·১৬৪২ ধুনা (resin)
৬১·১ শারীরস্থান
·১১ মতবাদ
·১৭ জীবাণুতত্ত্ব
·১৯ তুলনামূলক শারীরস্থান
·২১৬ কণ্ডরা (Tendons)
·২৩৩ উদর, আমাশয়
·২৩৭ পিত্তকোষ (Bile)
·২৫ যৌন জীবন (Sex life, Sexology)
·২৭০১—·২৭০৯ মস্তক, গ্রীবা, চক্ষু, নাসিকা ইত্যাদি
৬১·২৮৫ কর্ণ, শ্রবণ, ইন্দ্রিয়
·৩২৫ উদরতা (gluttony)
·৩৮৪ তামাকুসেবন ও স্বাস্থ্য
·৪৪৭ টিকা (ভ্যাকসিনেশন) দেওয়া
৬১·৫২৩ প্রেসক্রিপশন লেখা
·৬১ ব্লাড্ প্রেশার, রক্তচাপ
·৬৯২২ টাইফাস
·৬৯৬ পাগল কুকুর, শৃগালাদির বিষক্রিয়া
·৯৩৯ আয়ুর্বেদীয় প্রাণীচিকিৎসা
·৯৩৯১ অশ্ববৈদ্যক
·৯৩৯৩ গজায়ুর্বেদ
পৃ. ২০৪—৫৯·৭৪ স্থলে ৬২·৭৪ হইবে
৬৯·৯১৩ গ্লাইডিং
৬৩·৪৯ বনবিজ্ঞান
৬৩·৬০১ পশুপালন ধর্ম
·৬০২ পশুহত্যা নিবারণ ; গোরক্ষিণী সভা
·৬০৩ পশু সুমার
·৬০৭ পশু প্রদর্শনী ·৬০৮ পশু প্রজনন ইত্যাদি

৭০·৩৯৯	দেশবিদেশের ভাস্কর্য
·৫১২	…কাংড়া…
·৫১৭	নির্বিশেষ। পট
৭০·৯	ভারত শিল্পের ইতিহাস
৭২·৪	মধ্যযুগীয় ও আধুনিক য়ুরোপের স্থাপত্য
৭৪·১৬৫২	লিখনকলা (Caligraphy)
৭৮·১৮	বিজ্ঞাপনী চিত্রকলা
৭৮·৪৫৫	ঋতু উৎসব
৭৯·১২	…বহুরূপী
·১৩	…কার্ণিভেল
·১৪	ছায়াছবি। ·১৪২ সিনেমা, সবাকচিত্র
৭৯·৩৩৪	ভারতের নৃত্যকলা ·৩৩৫ বঙ্গদেশের নৃত্যকলা
·৩৩৮	দ. ভারতের নৃত্যকলা
৮৯·১০১৬	সংস্কৃত ছন্দ
৯০·৮	ইতিহাস রচনা
৯০·৯	পৃথিবীর ইতিহাস (সাধারণ)
·৯১	প্রাচীন ও মধ্যযুগ
·৯২	প্রাক্-আধুনিক যুগ (১৯ শতক পর্যন্ত)
·৯৩	আধুনিক ২০ শতক
·৯৪	বর্তমান যুগ ১৯৪৫ হইতে
৯১·১৩	আর্থিক ভূগোল
·১৩৪	ভারতের আর্থিক ভূগোল
৯১·১৩৫	বঙ্গদেশের আর্থিক ভূগোল
·১৩৮	পাকিস্তানের " "
·১৩৯৪২	ইংলণ্ডের আর্থিক ভূগোল
·১৩৯৭৩	মার্কিন যুক্তরাষ্ট্রের " "
·৯৫৮	পাকিস্তানের বর্ণনা
৯৬·৯৯২	সুমাত্রা

৯৩.৯৯৩ বলিদ্বীপ

৯৪.১৫২ সমুদ্রগুপ্ত ৯৪.১৯৬ পল্লব রাজ্য

৯৪.৪৭৮ পাকিস্তানের সহিত সীমান্ত নীতি

৯৪.৬০৭৮ জাতীয় সংগীত

৯৪.৬২০৭ সীমান্ত সমস্যা

৯৪.৬২৫ জাতীয় পরিকল্পনা, বিজ্ঞান-মন্দির, গবেষণাগার

.৬৩ উত্তর ভারতীয় রাজ্যসমূহ

.৬৪ পূর্ব ভারতীয় ,,

.৬৫ মধ্য ভারতীয় ,,

.৬৬ পশ্চিম ভারতীয় ,,

.৬৭ দক্ষিণ ভারতীয় রাজ্যসমূহ

.৬৮ কেন্দ্রীয় শাসনাধীন রাজ্যসমূহ

.৬৯ সীমান্তস্থিত রাজ্যসমূহ

৯৪.৯ ভারত সীমান্তের বাহিরে অবস্থিত রাজ্যসমূহের সহিত সম্বন্ধ। নেপাল, ভুটান, বর্মা, চীন, তিব্বত। পাকিস্তান। সোভিয়েত রুশ ও মধ্য এশিয়া। আফগনিস্তান, সিংহল।

৯৫.৯৫ আসামে জাতীয় আন্দোলন

৯৯.৪৮ স্কন্দনেবীয়া

.৪৮১ সুইডেন

.৪৮২ নরওয়ে

.৪৮৩ ডেনমার্ক

৯৯.৪৮৪ গ্রীনল্যাণ্ড

.৪৮৫ আইসল্যাণ্ড

৯৯.৫১৭ তিব্বত

.৫১৮ চীনের ভৌগোলিক অংশের ইতিহাস

৯৯.৫৯৩ ... মুরঙ থাই

———

বাংলা গ্রন্থ
বর্গীকরণ

প্রথম বর্গীকরণ

০০	সাধারণ
১০	দর্শন শাস্ত্র
২০	মোক্ষধর্ম
৩০	সমাজ বিজ্ঞান
৪০	ভাষা বিজ্ঞান
৫০	প্রাকৃতিক বিজ্ঞান
৬০	ব্যবহারিক বিজ্ঞান
৭০	কলা ও শিল্প
৮০	সাহিত্য
৯০	ইতিহাস, ভূগোল, জীবনী।

দ্বিতীয় বর্গীকরণ

০০	**গ্রন্থ (The Book)**
০১	গ্রন্থবিজ্ঞান (Bibliography)
০২	গ্রন্থাগার ব্যবস্থাপনা (Library economy)
০৩	কোষগ্রন্থ, অভিধান
০৪	পুস্তিকা সংগ্রহ
০৫	সাময়িক সাহিত্য, পত্রিকা
০৬	সভা, সমিতি, সম্মেলন
০৭	সংবাদপত্র
০৮	বিশেষ সংগ্রহ। শিশুসাহিত্য
০৯	দুষ্প্রাপ্য গ্রন্থ

০১	**গ্রন্থবিজ্ঞান (Bibliography)**
০১·১	সাধারণ গ্রন্থবিজ্ঞান
০১·২	বিশেষ গ্রন্থাকারের গ্রন্থপঞ্জী
০১·৩	বিশেষ শ্রেণীর গ্রন্থকার : (যথা, হিন্দুধর্ম সম্বন্ধে লেখক শ্রেণীর গ্রন্থপঞ্জী—০১·৩ : ২৩৪)
০১·৩৯	বিদেশী গ্রন্থকার—০১·৩৯ : ৪২ ইংরেজ গ্রন্থকারের গ্রন্থপঞ্জী
০১·৪	ছদ্মনামা, অজ্ঞাতনামা লেখক গ্রন্থপঞ্জী
০১·৫	বিশেষ দেশের প্রকাশিত গ্রন্থতালিকা
০১·৬	বিশেষ বিষয় সম্বন্ধে গ্রন্থতালিকা। গ্রন্থাগার ও প্রকাশকদের পুস্তক তালিকা
০১·৭	ক্যাটালগ বা গ্রন্থতালিকা
·৭১	সার্বজনীন বা পাবলিক লাইব্রেরীর গ্রন্থতালিকা
·৭২	ব্যক্তিগত গ্রন্থ সংগ্রহ
·৭৩	পুরাতন গ্রন্থ বিক্রয়-তালিকা

০১·৭৪ সাধারণ পুস্তক বিক্রেতার গ্রন্থতালিকা
·৭৫ কলেজ, বিশ্ববিদ্যালয়ের "
·৭৬ স্কুল লাইব্রেরীর "
·৭৭ অনুবর্গ (Classified), গ্রন্থসূচী
·৭৮ গ্রন্থকার ও গ্রন্থতালিকা (বর্ণক্রমিক)
·৭৯ আভিধানিক বা অনুবর্গ সূচী (Dictionary Cat.)
০১·৮ বাংলা পুঁথির বিবরণ
·৮১ সাধারণ গ্রন্থাগারের পুঁথি সংগ্রহ
·৮২ ব্যক্তিগত গ্রন্থাগারের পুঁথি সংগ্রহ
·৮৩ বিশেষ প্রতিষ্ঠানের পুঁথি সংগ্রহ—মন্দির, ভাণ্ডাগার, মকতব প্রভৃতি
·৮৪ সাহিত্য পরিষদ—(কলিকাতা ও স্থানিক), বরেন্দ্র অনুসন্ধান সমিতি, ঢাকা মিউজিয়ম
·৮৫ বিশ্ববিদ্যালয়ের পুঁথি সংগ্রহ : কলিকাতা, ঢাকা, বিশ্বভারতী প্রভৃতি
·৮৬ পুঁথির-সর্বসংগ্রহ তালিকা (Union Catalogue)
·৮৭ বিশেষ শ্রেণীর পুঁথি তালিকা : যথা রামায়ণের পুঁথি
·৮৮ বিভিন্ন ভাষার পুঁথি সংগ্রহ
·৮৯ বিভিন্ন স্থানের পুঁথি সংগ্রহ (০১·৮৯ : ৪২ ইংলনডের পুঁথি সংগ্রহ)
০১·৯ বিশেষ সংগ্রহ [স্থানীয় অর্থাৎ বিশেষ স্থান সংক্রান্ত সকল প্রকার গ্রন্থ, মানচিত্র ইত্যাদির তালিকা সংগ্রহ]

০২ **গ্রন্থাগার ব্যবস্থাপনা (Library economy)**

০২·১ গ্রন্থাগারের প্রয়োজনীয়তা গ্রন্থাগার প্রতিষ্ঠা।
·১১ গ্রন্থ সংগ্রহ ও সংরক্ষণ
·১২ জ্ঞান প্রচারে গ্রন্থাগারের স্থান। জনতা বিশ্ববিদ্যালয়

০২·১৩ গ্রন্থাগার ও বিদ্যায়তনের সম্বন্ধ; গ্রন্থাগার ও জ্ঞানানুশীলন কেন্দ্র

·১৪ গৃহ শিক্ষায় গ্রন্থাগারের স্থান

·১৫ চিত্তবিনোদনে গ্রন্থাগার

·১৬ গ্রন্থাগার প্রচার, পঠন অভ্যাস; অধ্যয়ন

·১৬১

·১৬২ গ্রন্থাগারের শাখা স্থাপন; বিকেন্দ্রীকরণ

·১৬৩ কেন্দ্রীকরণ

·১৬৪ শাখা ও কেন্দ্রীয় লাইব্রেরীর মধ্যে সহযোগিতা

·১৬৫ ভ্রাম্যমাণ গ্রন্থাগার

·১৬৬ গ্রাম্য লাইব্রেরী

·১৬৭ পারিবারিক গ্রন্থাগার

·১৬৯ পাবলিক লাইব্রেরী

·১৭ গ্রন্থাগার স্থাপন। ব্যক্তিগত বা সঙ্ঘগত প্রচেষ্টা

·১৮ গ্রন্থাগার ও রাষ্ট্র। গ্রন্থাগার সম্বন্ধে রাষ্ট্রীয় আইন প্রণয়ন

·১৮৪—·১৮৯ বিভিন্ন দেশের গ্রন্থাগার সম্বন্ধে রাষ্ট্রীয় আইন

·১৯ গ্রন্থাগার পরিচালনায় অর্থ সংগ্রহ। চাঁদা ও দানাদির প্রতিবেদন বা রিপোর্ট। মুদ্রিত নিয়মাবলী ইত্যাদি

০২·২ গ্রন্থগৃহ, গ্রন্থভবন (Library Building)

·২১ স্থান নির্বাচন

·২২ গৃহ নির্মাণের উপকরণ

·২২৫ অগ্নিভয় নিবারণ ব্যবস্থা

·২২৭ ইনশিওরেন্স বা বীমাকরণ

·২৩ লাইব্রেরীর প্লান; ডিজাইন। নির্মাণ

·২৪ গ্রন্থ রাখিবার স্থান; শেল্‌ফ প্রভৃতি নির্মাণ বিধি

·২৪১ সাধারণ পাঠগৃহ

২৪২ বিশেষ পাঠগৃহ

০২·২৪৩ জিজ্ঞাসা গৃহ (Reference)
·২৪৬ সংবাদপত্র পাঠগৃহ
·২৪৭ মহিলা পাঠগৃহ
·২৪৮ শিশু পাঠগৃহ
·২৪৯ অন্যান্য : বিশেষ পাঠগৃহ
·২৫ জিজ্ঞাসা বা সূত্রসন্ধানী বিভাগ (Reference service)
·২৬ পরিচালনা গৃহ। বিশেষ পাঠগৃহ। বক্তৃতা দিবার গৃহ
·২৭ আলোর ব্যবস্থা। বায়ু চলাচল ব্যবস্থা
·২৮ গ্রন্থভাণ্ডার বা Stock-room
·২৯ আসবাব, ফার্নিচার

০২·৩ গ্রন্থাগার পরিচালনা

·৪১ সংবিধান বিধি (Constitution)
·৩২ পরিচালক মণ্ডল (Governing body বা executive committee)
·৩৩ পরিচালক মণ্ডলী। ট্রাস্টি। সভার প্রতিবেদন
·৩৪ লাইব্রেরী পরিচালক। গ্রন্থাগারিক
·৩৫ লাইব্রেরীর কর্মচারী (Staff)
·৩৬ দৈনিক কার্যকাল। অবকাশ (Vacations) ও উৎসবাদি উপলক্ষ্যে ছুটি (Holidays)
·৩৭ কর্মচারীদের পদ ও কার্যভাগ
·৩৮ বেতনাদি
·৩৯ কর্মচারীদের সম্বন্ধে বিয়মাবলী

০২·৪ পাঠকদের সম্বন্ধে নিয়মাবলী

·৪১ পাঠকদের যোগ্যতা
·৪২ লাইব্রেরীর চাঁদা। বিনা-চাঁদায় মুক্ত-ব্যবহার (Free use)

০২·৪৩ লাইব্রেরী খুলিয়া রাখার সময়
·৪৪ ছুটি ও বন্ধ (Sundays, holidays, vacations)
·৪৫ রেফারেন্স বা জিজ্ঞাসা-গৃহের নিয়মাবলী
·৪৬ গৃহে গ্রন্থ আনিবার নিয়ম। (Loan)
·৪৭ পাঠকদের বিশেষ সুবিধা দান
·৪৮ গ্রন্থাগারের নিয়ম লঙ্ঘন। গ্রন্থ নষ্ট। গ্রন্থ চৌর্য
·৪৯ অন্যান্য নিয়ম
০২·৫ গ্রন্থাগার পরিচালনা (Library administration)
·৫০৯ গ্রন্থাগারের রিপোর্ট বা প্রতিবেদন
·৫১ সাধারণ পরিদর্শন ও পরিচালন (Executive works)
·৫১১ আয় ব্যয়; লাইব্রেরী কমিটি। বাজেট
·৫১২ মুদ্রণ ব্যাপার (Printing of forms etc.)
·৫১৩ টাইপিং কার্য
·৫১৪
·৫১৫ পত্র ব্যবহার (Correspondence)
·৫১৬ কার্ড লেখা
·৫১৭ গ্রন্থাগারের সম্পদ রক্ষার ব্যবস্থা
·৫১৮ ম্যুজিয়াম; গ্রন্থাগারের সংশ্লিষ্ট কলাগৃহ
·৫১৯ বই মিলানো (Inventory : Shelf-checking)
০২·৫২ প্রাপ্ত গ্রন্থ তালিকা করণ (Accession) পরিগ্রহণ
·৫২১ গ্রন্থ নির্বাচন বিধি (Selection of books for buying)
·৫২১১ বিষয়ানুযায়ী গ্রন্থ ক্রয়ের জন্য অর্থ বণ্টন
·৫২১২
·৫২১৩ বিশেষ তহবিলের গ্রন্থ ক্রয় (Funds for special libraries)
০২·৫২১৪ কাহারা গ্রন্থ নির্বাচন করিবেন
·৫২১৫ কিভাবে গ্রন্থ নির্বাচন হইবে

০২·৫২১৬ অপহৃত ও নষ্টপ্রাপ্ত গ্রন্থ ক্রয়ের ব্যবস্থা
·৫২১৭ গ্রন্থবর্জন (Rejection)
·৫২১৮ গ্রন্থ ছাঁটাই (Weeding out)
·৫২১৯
·৫২২ গ্রন্থ ক্রয় বিধি
·৫২৩ গ্রন্থ আমদানী বিধি (Ordering) আমদানী
·৫২৪ প্রাপ্ত গ্রন্থের তালিকাকরণ বা পরিগ্রহণ (Accessioning)
·৫২৫ বুকপ্লেট প্রভৃতি
·৫২৬ একাধিক খণ্ডের বিনিময় ব্যবস্থা (Duplicate exchange)
·৫২৭
·৫২৮
·৫২৯
০২·৫৩ ক্যাটালগিং। সূচীকরণ। কার্ড-করণ (Cardexing) টাইপকরণ (Typing)
·৫৩১ ক্যাটালগ করিবার নিয়ম
·৫৩২ কার্ডকরণ—লেখ পদ্ধতি
·৫৩৩ গ্রন্থকার নামওয়ারি কার্ড
·৫৩৪ গ্রন্থের নামওয়ারি কার্ড
·৫৩৫ গ্রন্থমালা (সিরিজ) ওয়ারি কার্ড
·৫৩৬ বিষয়ওয়ারি কার্ড
·৫৩৭ শীফ ক্যাটালগিং (Sheaf), গুচ্ছসূচী
·৫৩৮ টাইপ করা ক্যাটালগ
·৫৪৯ অন্যান্য
০২·৫৪ বর্গীকরণ পদ্ধতি। যথা—দশমিক বর্গীকরণ। কোলন পদ্ধতি। গুহ পদ্ধতি
·৫৫ গ্রন্থ-জিজ্ঞাসা। রেফারেন্স। সহায়ক গ্রন্থ। পাঠক সহায় (Guide to Readers)

'৫৬ গ্রন্থ ঋণদান পদ্ধতি (Loan)

'৫৭ বই বাঁধাই। দপ্তরীখানা

'৫৮ শেলফ ব্যবস্থা—শেলফের সংখ্যা নির্দেশ, তাকের বই-এর নম্বর দেওয়া, ম্যাপ, পুঁথি, রিপোর্ট, স্বরলিপি প্রভৃতি রক্ষার ব্যবস্থা

'৫৯ পরিচ্ছন্নতা। রক্ষণাবেক্ষণ।

০২'৬ বিশেষ গ্রন্থাগার

০২'৭ সাধারণ গ্রন্থাগার ও পাঠাগার

'৭১ পারিবারিক

.৭২ মালিকী সঙ্ঘ বা ক্লাব

'৭৩ চাঁদা দায়ী

'৭৪ পাবলিক বা সাধারণ লাইব্রেরী

'৭৫ রাষ্ট্র গ্রন্থাগার বা স্টেট লাইব্রেরী

'৭৬ বিশেষ শ্রেণীর জন্য লাইব্রেরী

'৭৬১

'৭৬২ বয়সানুসারে গ্রন্থাগার

'৭৬২২ বয়স্কদের গ্রন্থাগার (Adult)

'৭৬২৫ শিশু লাইব্রেরী

'৭৬৩ বিদেশীর জন্য লাইব্রেরী

'৭৬৪ শ্রমিকদের জন্য লাইব্রেরী

'৭৬৫ সরকারী দপ্তরের বিশেষ লাইব্রেরী

'৭৬৬ দুর্গতদের জন্য ; হাসপাতাল, মূক-বধির প্রভৃতির জন্য

'৭৬৭ ধর্মসঙ্ঘের প্রয়োজনীয় সংগ্রহালয়

'৭৬৮ সামাজিক প্রতিষ্ঠান (Club)

'৭৬৯ অন্যান্য

'৭৭ কলেজ বিশ্ববিদ্যালয় লাইব্রেরী

'৭৮ স্কুল লাইব্রেরী

'৭৯ ফ্রী রীডিংরুম, মুক্ত পাঠাগার

০২·৮ অধ্যয়ন এবং পাঠসহায় (Reading aids)

·৮১ অধ্যয়ন পদ্ধতি—বা চুম্বক বা চয়ন লেখন, সংক্ষিপ্তীকরণ

·৮২ সংস্করণ নির্বাচন—(অধ্যায়নের জন্য কোন্ সং-এর বই ব্যবহার করা উচিত)

·৮৩ অধ্যয়ন ক্রম (Courses of reading)

·৮৪ উপন্যাস অধ্যয়ন

·৮৫ কিশোরদের পাঠ্য নির্বাচন

·৮৬ গ্রন্থ অধ্যয়ন বিষয়ে উৎসাহ দান ও ব্যবস্থা

·৮৭ সহায়ক-গ্রন্থ ব্যবহার শিক্ষা

·৮৮ পাঠকদের অধ্যয়ন বিষয়ে সহায়তা

·৮৯ বিবিধ

০২·৯ বিবিধ সংগ্রহ

·৯১ প্রেস্ কাটিং সংগ্রহ (বিশেষ ব্যক্তি, ঘটনা ও বিষয় সম্বন্ধে পৃথক পৃথক ফাইল রাখা যাইতে পারে।

·৯১৯ বিশেষ স্থান সম্বন্ধে

·৯২

·৯৩ গ্রামোফোন রেকর্ড সংগ্রহ

·৯৪ ফিল্‌ম্ সংগ্রহ

·৯৫ অন্ধের গ্রন্থ (ব্রেইল পদ্ধতিতে মুদ্রিত গ্রন্থ)

·৯৬ চার্ট, টেব্‌ল, ম্যাপ ইত্যাদি

·৯৭ ছবির আলবাম, ছবি-কার্ড ; ফোটো সংগ্রহ

·৯৮ বিবিধ আর্ট সংগ্রহ ; স্কুল ট্রফি, শীল্‌ড্, মেডেল

·৯৯ বিবিধ

০৩· কোষগ্রন্থ। বিশ্বকোষ। মহাকোষ। জ্ঞানভারতী

০৩·১ জীবনী কোষ—সাধারণ

·১১ জীবনী কোষ—সর্বদেশ ও সর্বকালের

·১২ ভারতীয় জীবনী কোষ

·১৩

০৩·১৪ বাঙালী জীবনী কোষ

·১৫ সমসাময়িক জীবনকোষ (Who's Who)

·১৬ সমসাময়িক জীবনকোষ—বিশেষ বিষয়ের; যেমন ০৩·১৬ঃ৭ সমসাময়িক শিল্পীদের জীবনকোষ

(দ্রঃ ৭০·০৩)

·১৭

·১৮

·১৯ বিশেষ দেশের সমসাময়িক জীবন কোষ—যথা ইংলণ্ডের সমসাময়িক জীবনকোষ—০৩·১৯ঃ৪২

০৩·২ বাংলা ভাষার অভিধান। বৃহৎ অভিধান বা কোষ বাংলা-সংস্কৃত ও অন্যান্য ভাষার অভিধান

·২১

·২২ ছাত্র অভিধান

·২৩ দেশীয় শব্দ সংগ্রহ

·২৪ প্রাদেশিক শব্দ সংগ্রহ

·২৫ বিশেষ শিল্পের বা কারবারের শব্দ সংগ্রহ

·২৬ বিশেষ জাতির মধ্যে প্রচলিত শব্দ সংগ্রহ

·২৭ খ্রীস্টানী বাংলা শব্দ সংগ্রহ

·২৮ মুসলমানী শব্দ সংগ্রহ

·২৯ বাংলায় বিদেশী ভাষা

[পরিভাষার জন্য কোলন ঃ চিহ্ন দিয়া বিষয় সংখ্যা দিতে হইবে—যথা,

০৩·২ঃ১৫ মনোবিদ্যার পরিভাষা

ঃ৫ সাধারণ বৈজ্ঞানিক পরিভাষা

ঃ৫১ গাণিত পরিভাষা

ঃ৫৩৭ বৈদ্যুত পরিভাষা ঃ ৯১ ভূগোল পরিভাষা

[এগুলি বিশেষ বিষয়ের সঙ্গেও রাখা যাইতে পারে]

০৩·৩ অভিধান—সংস্কৃত, বাংলা, প্রাকৃত, পালি ও অন্যান্য ভাষা

·৩১ বাংলা-সংস্কৃত অভিধান, সংস্কৃত-বাংলা

·৩২ বাংলা-প্রাকৃত, প্রাকৃত-বাংলা

·৩৩ বাংলা-পালি, পালি-বাংলা

·৩৪ বাংলা-উর্দু ; উর্দু-বাংলা

·৩৫ বাংলা-পারশী ; পারশী-বাংলা

·৩৬

·৩৭ বাংলা-আরবী ; আরবী-বাংলা

·৩৮ বাংলা-তুর্কী ; তুর্কী-বাংলা

·৩৯

০৩·৪ হিন্দী-বাংলা ঃ বাংলা-হিন্দী

·৫ অন্যান্য সংস্কৃতজ ভাষার বাংলা অভিধান

·৫১ সিন্ধী

·৫২ পঞ্জাবী

·৫৩ কাশ্মীরি

·৫৪ আসামী

·৫৫ ওড়িয়া

·৫৬ মারাঠি

·৫৭ গুজরাটি

·৫৮ অন্যান্য

·৫৯ সিংহলী

০৩·৬ মুণ্ডারী ভাষার অভিধান, সাঁওতালী-বাংলা অভিধান

·৭ ভোট চীনা ভাষা বর্গ—গারো প্রভৃতি

·৮ দ্রাবিড় ভাষা

·৮১ তামিল বাংলা

·৮২ তেলেগু-বাংলা

০৩·৮৩ কানাড়ী

·৮৪ মালয়লাম

·৯ অন্যান্য ভাষা

·৯৪২ বাংলা-ইংরেজি। ইংরেজি-বাংলা

·৯৪৭ বাংলা-রুশ ; রুশ-বাংলা

·৯৫১ বাংলা-চীনা ; চীনা-বাংলা

০৪ পুস্তিকা সংগ্রহ (বিষয়ানুযায়ী, স্থানানুযায়ী, বিশেষ প্রতিষ্ঠান প্রকাশিত, বিশেষকালে প্রকাশিত পুস্তিকা)

·০১-·০৯ বিশেষ প্রতিষ্ঠান প্রকাশিত

·০৯ স্থানানুসারে প্রকাশিত পুস্তিকা

·১-·৯ দর্শনধর্মাদি ক্রম (বিষয় অনুযায়ী রাখা যাইতে পারে, যথা—১০·০৫ দর্শন সংক্রান্ত পত্রিকা)

০৫ সাময়িক সাহিত্য। পত্রিকা

·১-·৯ দর্শনধর্মাদি ক্রম

·৮ সাহিত্য বিষয়ক যথা—বঙ্গীয় সাহিত্য পরিষদ পত্রিকা ইতিহাসাদি আলোচনার পত্রিকা

·০১ কলিকাতা হইতে প্রকাশিত সাধারণ মাসিক পত্রিকা

·০২ প্রেসিডেন্সি বিভাগ

·০৩ বর্ধমান বিভাগ

·০৪ রাজশাহী " পাকিস্তান

·০৫ ঢাকা " "

·০৬ চট্টগ্রাম " "

·০৭ সুরমা উপত্যকা—সিলেট

·০৮ আসাম ; কাছাড়, মণিপুর, ত্রিপুরা

·০৯ প্রবাসী বাঙালী প্রকাশিত পত্রিকা

০৬ সভা, সমিতি, সম্মেলন, পরিষদ

·০১-·০৯ সাধারণ সভাসমিতি

·১-·৯ দর্শনধর্মাদি ক্রম

˙৯ ইতিহাসাদি আলোচনা সভা—বরেন্দ্র অনুসন্ধান সমিতি, বঙ্গীয় ইতিহাস পরিষদ

০৭ সংবাদপত্র। সংবাদ সরবরাহ। জার্নালিজম্।

˙১ কলিকাতা সংবাদপত্র

˙২ প্রেসিডেন্সি বিভাগ

˙৩ বর্ধমান বিভাগ

˙৪ রাজশাহী বিভাগ

˙৫ ঢাকা বিভাগ

˙৬ চট্টগ্রাম বিভাগ

˙৭ আসাম। সুরমা উপত্যকা। প্রবাসী বাঙালীর সংবাদপত্র

.৮ পাকিস্তান

˙৯ বিদেশী সংবাদপত্র

০৮ বিশেষ সংগ্রহ। **শিশু-সাহিত্য**

˙০১ ˙০২ ˙০৩ শিশু-ভারতী

˙০৪ ˙০৫ পত্রিকা ˙০৬ শিশু কারুশিল্প প্রদর্শনী

˙০৭ শিশু চারুশিল্প প্রদর্শনী ˙০৮ গ্রন্থাবলী

˙০৯ সাহিত্যের ইতিহাস—শিশুদের জন্য

০৮˙১

˙২ ধর্ম সাহিত্য—যথা ছেলেদের উপনিষদ

˙৩ সমাজ কথা

˙৪ শিশুদের পাঠ্যপুস্তক, ব্যাকরণাদি

˙৫ প্রাকৃতিক বিজ্ঞান

˙৬ ব্যবহারিক বিজ্ঞান

˙৭ কলা বিজ্ঞান

˙৮ শিশু-সাহিত্য

˙৮১ কবিতা

˙৮২ নাট্য

০৮·৮৩ উপন্যাস

·৮৩১ মহাকাব্যের গল্প

·৮৩২ ছোটগল্প সংগ্রহ

·৮৩৩ পৌরাণিক গল্প—দেশী বিদেশী

·৮৩৪ রূপকথা—দেশী বিদেশী

·৮৩৫ বৈজ্ঞানিক গল্প

·৮৩৬ রোমাঞ্চকর কাহিনী—ডিটেকটিভ গল্প

·৮৩৭ সংক্ষেপিত উপন্যাস

·৮৩৮ অনুবাদ—বিদেশী গল্প
(ভাষাওয়ারি, যথা—০৮·৮৩৮২ ইংরেজী উপন্যাস)

·৮৩৯ ঐতিহাসিক গল্প, উপন্যাস

·৮৪ প্রবন্ধাদি ·৮৫ বক্তৃতা ·৮৬ পত্রাবলী

·৮৭ বিদ্রূপ সাহিত্য ·৮৮ ·৮৯ বিবিধ

·৯ ইতিহাস, ভূগোল, জীবনী

০৯ দুষ্প্রাপ্য গ্রন্থ

০৯·১ হস্তলিখিত পুঁথি

·১৫ গ্রন্থকার সহিযুক্ত গ্রন্থ

·১৬ বিশিষ্ট ব্যক্তির সহিযুক্ত গ্রন্থ

·১৭ বিশিষ্ট ব্যক্তির মন্তব্যযুক্ত গ্রন্থ

·১৮

·১৯

০৯·২ ব্লক বুক [কাঠের ব্লক করা ছাপা বই]

০৯·৩ প্রাচীন ছাপা—লন্ডনে, শ্রীরামপুরে ইত্যাদি

০৯·৪ দুষ্প্রাপ্য, দুর্মূল্য গ্রন্থ

১ মুদ্রাযন্ত্রের আদিকালে মুদ্রিত গ্রন্থ

২ অদ্বিতীয় পুস্তক (Unigeue)

৩ দুর্মূল্য সংস্করণ

৪ প্রথম সংস্করণ

৫ বটতলার ছাপা
৬
৭
৮ অনুবাদ (পুরাতন)
৯
০৯'৫ দুর্মূল্য বাঁধাই
০৯'৬ দুষ্প্রাপ্য চিত্রসমন্বিত গ্রন্থ
০৯'৭ বুকপ্লেট যুক্ত ব্যক্তিবিশেষের গ্রন্থ
০৯'৮ নিষিদ্ধ, বাজেয়াপ্ত
০৯'৯ বিশেষ সংস্করণ—যথা বামন (Miniature) সংস্করণ ; পকেট সংস্করণ ইত্যাদি

১০ দর্শন—সাধারণ পুস্তক

'০১ দর্শন গ্রন্থতালিকা
'০২ সংক্ষেপিত গ্রন্থ
'০৩ পারিভাষিক অভিধান
'০৪ পুস্তিকা প্রবন্ধাবলী
'০৫ পত্রিকা
'০৬ দর্শন সমিতি
'০৭ দর্শন শিক্ষাক্রম
'০৮ গ্রন্থাবলী
'০৯ দর্শনের ইতিহাস
১০'১ দর্শনের মূলতত্ত্ব
'২ দর্শন ও ধর্ম
'৩ দর্শন ও সমাজ বিজ্ঞান
'৪ দর্শন ও ভাষা বিজ্ঞান
'৫ দর্শনের বৈজ্ঞানিক ভূমিকা
'৬ আয়ুর্বেদের দার্শনিক ভূমিকা

১০·৭ দর্শন ও নন্দনতত্ত্ব
·৮ দর্শন ও সাহিত্য
·৯ দর্শন ও ইতিহাস
১১ অধিবিদ্যা ; পরাবিদ্যা (Metaphysics)
১১·১ তত্ত্ববিদ্যা (Ontology)
·১১ অস্তিত্ব (Existence)
·১২ নাস্তিত্ব
·১৩ বস্তুতত্ত্ব ; মোনাড্ (Substance : Monad)
·১৪ আপতন, আকস্মিকতা
·১৫ সম্বন্ধ (Relation)
·১৬ ক্রিয়া (Acts)
·১৭ সৃষ্ট ও অসৃষ্ট সত্ত্বা (Created & uncreated beings)
·১৮ সত্ত্বার তুরীয় ধর্ম (Transcendental properties of being)
·১৯
১১·২ বিচারতত্ত্ব ; রীতিবিদ্যা পদ্ধতি (Methodology)
·২১ যুক্তিমূলী বিচার বা রীতি (Rational method)
·২২ স্বতঃসিদ্ধ বিচারতত্ত্ব (Axiometic ")
·২৩ আরোহ রীতি বা পদ্ধতি (Inductive ")
·২৪ অবরোহ (Deductive ")
·২৫ মনস্তত্ত্বমূলক বিচার (Psychological ")
·২৬ বর্ণনামূলক পদ্ধতি (Descriptive ")
·২৭ রসবিচার পদ্ধতি (Esthetic ")
·২৮ সাহিত্যিক বিচার (Literary ")
·২৯ ঐতিহাসিক বিচার (Historical ")
১১·৩ সৃষ্টিতত্ত্ব, বিশ্বতত্ত্ব (Cosmology)
১১·৪ স্থান ; অসীম আকাশ ; ব্যোম (Space : Void)
১১·৫ কাল ; অনন্ত (Time ; eternity)

১১·৫৪ স্থান-কাল তত্ত্ব (Space-time)

১১·৬ গতি ; বিবর্তন (Motion, Transition)

১১·৭ জড় প্রকৃতি (Matter)

১১·৮ শক্তি, বল, প্রৈতি (Energy, Power)
ব্যক্ত শক্তি (Kinetic energy)
অব্যক্ত শক্তি (Potential energy)

১১·৯ পরিমাণ, সংখ্যা, ব্যাপ্তি (Quantity, Number, Extent)

১২ বিবিধ অধিবিদ্যা প্রকরণ (Other metaphysical topics)

১২·১ প্রমাবিজ্ঞান, জ্ঞানতত্ত্ব (Epistemology, Axiology)
·১৮৫ অস্তিত্ব তত্ত্ব (Existentialism)

১২·২ কার্য-কারণ সম্বন্ধ, কারণতা (Cause and effect : Causality)

১২·৩ মুক্তিবাদ, নিয়তিবাদ, নির্দেশবাদ (Freedom, Determinism)

১২·৪ পরিণামবাদ, হেতুবিদ্যা (Teleology)

১২·৫ অনন্ত ; সান্ত (Infinite ; finite)

১২·৬ চেতনা, সংবিৎ (Consciousness)
·৬৫ ব্যক্তিরূপ (Personality)

১২·৭ নির্জ্ঞান (Unconsious), অন্তর্জ্ঞান (Subconsious)

১২·৮ বিশ্বাত্মা (Oversoul), পরমাত্মা

১২·৯ জীবাত্মা (Individual Soul)
·৯১ বিশেষ সৃষ্টি
·৯২ অপদৃষ্টি (Traduction)
·৯৩ পূর্বজন্মবাদ

১২·৯৪ পরজন্মবাদ, জন্মান্তরবাদ

·৯৫ অবতারবাদ

·৯৬ অদৃষ্টবাদ

·৯৭

·৯৮

·৯৯

১৩ দেহ ও মন

১৩·১ মানসিক স্বাস্থ্য (Mental hygiene)

১৩·২ মানসিক বিকার (Mental derangements)

·২১ উন্মাদ ; চিত্তভ্রংশ (Insanity, Mental alienation)

·২২ মানসিক বৈকল্য (Mental deficiency)

·২৩ দৌর্মনস্য (Melancholia) ; রোগোন্মাদ, রোগাতঙ্ক (Hypochondria)

·২৪ অপস্মার (Catalepsy)

·২৫ উৎসিক্ত অবস্থা (Ecstatic)

·২৬ অপরাধ প্রবণতা (Criminal mania)

·২৭ দুর্বৃত্তি প্রবণতা (Vicious mania)
নেশা, যৌন বিকৃতি প্রভৃতি

·২৭৫ যৌন উন্মত্ততা, যৌন বিকৃতি, কামোন্মত্ততা

·২৮ স্মৃতি-বৈকল্য (Memory defects)

·২৯

১৩·৩ অতিন্দ্রীয় বিদ্যা। গুহ্য বিদ্যা (Transcendental Psychology : Occult Sciences)

·৩১ ছায়ামূর্তি, প্রেত (Apparitions, Ghosts)

·৩২ মতিবিভ্রম (Hallucinations), কুহক (Illusions)

·৩৩ শাকুন বিদ্যা ; দিব্যবাণী (Divination : Oracle) ; ভাবী কথন (Prediction) ; ভবিষ্যদ্‌বাণী, পঞ্চপক্ষীতত্ত্ব

